তিন্, তন্মধ্যে প্রথম স্কন্ধ যজ্ঞ অধ্যয়ন ও দান। (এই বাক্যে গার্হস্থ্যের পরামর্শ অর্থাৎ উল্লেখ বা অনুসন্ধান করা হইয়াছে)।) দ্বিতীয় স্কন্ধ তপশ্চরণ। (এই বাক্যে বানপ্রস্থাশ্রম পরামৃষ্ট হইয়াছে।) তৃতীয় স্কন্ধ ব্রহ্মচর্য্য, আচার্য্যকুলে বাস, গুরুকুলে বাস দ্বারা অপনাকে (দেহকে) অতিশয়িতরূপে অবসন্ন করা। (ইহাই ব্রহ্মচর্য্যাশ্রমের স্মারক।) যাহারা তাহা করে, তাহারা সকলেই পুণ্যলোক প্রাপ্ত হয়।" এই শ্রুতি আশ্রমত্রয়ের পরামর্শ (অনুবাদ বা অনুসন্ধান) করতঃ সে সকল আশ্রমের ফলের অনিত্যতা ব্যক্ত করিয়া অবশেষে ব্রহ্মনিষ্ঠতার (ব্রহ্মজ্ঞানের) স্তুতি বা প্রশংসা করিয়াছেন। যথা—"ব্রহ্মনিষ্ঠ অমৃতত্ব প্রাপ্ত অর্থাৎ মুক্ত হয়।" এখানে দেখ, স্পষ্টতঃ আশ্রমবিধায়ক শব্দ নাই, অর্থাৎ গার্হস্থ্য ব্যতীত অন্যাশ্রমেব গ্রহণ করিবেক, এমন কোন বিধান এতদ্বাক্যে লব্ধ হইতেছে না। [নন্বু...বা] যদি বল, আশ্রমবোধক শব্দের পরামর্শ অর্থাৎ উল্লেখ আছে, ঐ উল্লেখের বলেই আশ্রমান্তরের বিধান লব্ধ হইবেক; পূর্ব্বোক্ত উল্লেখ ও অনুবাদ অর্থাৎ পরামর্শনামে প্রসিদ্ধ এবং অনুবাদ পূর্ব্ববাদসাপেক্ষ; সুতরাং অনুবাদ বা পরামর্শ দেখিলেই প্রতীত হয়, পূর্ব্বে অন্যত্র তাহার প্রসিদ্ধি বা বিধান আছে। (অতএব, পরামর্শও বিধানসিদ্ধির অন্যতম কারণ বলিয়া গণ্য)। তাহা সত্য বটে; কিন্তু সে প্রসিদ্ধি স্মৃতি ও আচার হইতে সম্প্রসূত। কিন্তু সাক্ষাৎ কোন প্রত্যক্ষা শ্রুতিকে ঐ সকল আশ্রমের বিধান করিতে দেখা যায় না। যেহেতু আশ্রমান্তর শ্রুতিবিহিত নহে; সেই হেতু কেবলমাত্র স্মৃত্যাচারপ্রসিদ্ধ আশ্রমান্তর শ্রুতিবিরুদ্ধ, সেই হেতু সে সকল অনাদরণীয়। কিংবা যাহারা

বাক্যে লিঙ্ প্রভৃতি বিধায়ক শব্দ নাই। অপিচ, আশ্রমবাচক শব্দও নাই; অধিকন্তু আশ্রমান্তরের অপবাদ অর্থাৎ নিন্দা আছে। ইত্যাদি ইত্যাদি কারণে চতুর্থাশ্রম অবৈধ (বিধিবোধিত নহে, সুতরাং অনুষ্ঠেয়ও নহে)।

প্রত্যক্ষায়াঃ শ্রুতেঃ। অতশ্চ প্রত্যক্ষশ্রুতিবিরোধে সত্য-নাদরণীয়াস্তে ভবিষ্যন্ত্যনধিকৃতবিষয়া বা।

নম্ন গার্হস্থ্যমপি সহৈবোর্দ্ধরেতোভিঃ পরামৃষ্টং "যজ্ঞো-ঽধ্যয়নং দানমিতি প্রথমঃ" ইতি। সত্যমেবম্, তথাপি তু গৃহস্থং প্রত্যেবাগ্নিহোত্রাদীনাং কর্ম্মণাং বিধানাৎ শ্রুতিপ্রসিদ্ধমেব তদস্তিত্বম্। তস্মাৎ স্তুত্যর্থ এবায়ং পরামর্শো ন চোদনার্থঃ। অপি চ, অপবদতি হি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরং "বীরহা বা এষ দেবানাং যোঽগ্নিমুদ্বাসয়তে।" "আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীর্নাপুত্রস্য লোকোঽস্তীতি।" "তৎ

অপি চাপবদতি হি। ন কেবলমন্যপরতয়া পরামর্শস্যাশ্রমান্তরং ন লভ্যতে, অপি ত্বাশ্রমান্তরনিন্দাদ্বারেণাপবাদাদপীত্যর্থঃ।

স্যাদেতৎ। ভবত্বেষ পরামর্শোঽন্যার্থঃ। যে চেমেঽরণ্য ইত্যাদিভ্যস্ত্বাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—"যে চেমেঽরণ্যে"ইতি। অস্যাপি দেবপথোপদেশপরত্বাৎ নৈতৎপরত্বমিত্যর্থঃ।

গার্হস্থ্যাশ্রমের অনধিকারী—অনুপযুক্ত, তাহাদেরই জন্য অন্যান্য আশ্রম বিহিত, (অন্ধ ও পঙ্গু প্রভৃতি—যাহারা কর্ম্ম করিতে অশক্ত—তাহারাই কর্ম্মত্যাগরূপ সন্ন্যাসাশ্রমের অধিকারী)।

[নম্ন...চোদনার্থঃ] বলিতে পার যে, যজ্ঞ অধ্যয়ন ও দান, এই কথায় গার্হস্থ্যও পরামৃষ্ট (অভিহিত) হইয়াছে এবং তাহা ঊর্দ্ধরেতঃ-আশ্রম বাক্যের একাংশ, সুতরাং ঊর্দ্ধরেতঃ আশ্রম অপ্রামাণিক হইলে গার্হস্থ্যও অপ্রামাণিক হইবে। ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, উক্ত বাক্যে গার্হস্থ্যের পরামর্শ (অনুবাদ) হইয়াছে সত্য; পরন্তু গৃহস্থকর্ত্তব্য অগ্নিহোত্রাদি কর্ম্মের বিধান শ্রুতিপ্রসিদ্ধ। অর্থাৎ সে আশ্রম সাক্ষাৎ শ্রুতির (শব্দের) দ্বারা বিহিত। যেহেতু তাহা শ্রুতিবিহিত, সেই হেতু উদাহৃত বাক্যে তাহার পরামর্শ অর্থাৎ অনুবাদ। এই অনুবাদ বা পরামর্শ বিধানার্থ নহে; কিন্তু স্তুত্যর্থ (প্রশংসার্থ)। [অপিচ···বিধিঃ] আরও দেখ, শ্রুতি সাক্ষাৎ নিন্দার্থবাচী শব্দে অন্যান্য আশ্রমের অপবাদ অর্থাৎ নিন্দা করিয়াছেন। যথা—"যে অগ্নি পরিত্যাগ করে, সে-ই দেবতাদের বীর্যহন্তা হয়, অথবা সেই ব্যক্তিই দেবগণের মধ্যে অবস্থান করতঃ বীর্যঘাতী হয়।" "বেদদাতা গুরুকে তাঁহার অভিলষিত ধন (গুরুদক্ষিণা) প্রদান করতঃ পরে সন্তান-পরম্পরার বিচ্ছেদ করিও না। অপুত্রের লোক (স্বর্গাদি) নাই।" "তাহাদিগের সকলকেই পশুতুল্য জানিবে।" ইত্যাদি। "যাহারা অরণ্যবাসী হইয়া শ্রদ্ধা ও তপঃসহকারে উপাসনা করে" ইত্যাদি বাক্যেও আশ্রমান্তরের উপদেশ হয় নাই। ঐ সকল বাক্যে দেবযান পথের উপদেশ হইয়াছে মাত্র।

সর্ব্বে পশবো বিদুঃ” ইত্যেবমাদ্যা। তথা “যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে। তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে” ইতি চ দেবযানোপদেশো নাশ্রমান্তরোপদেশঃ।

সন্দিগ্ধঞ্চাশ্রমান্তরাভিধানং “তপ এব দ্বিতীয়ঃ” ইত্যেবমাদিষু। তথা “এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি” ইতি লোকসংস্তবোঽয়ং* ন পারিব্রাজ্যবিধিঃ। ননু “ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ” ইতি বিস্পষ্টমিদং প্রত্যক্ষং পারিব্রাজ্যবিধানং জাবালানাম্। সত্যমেবমেতৎ, অপেক্ষ্য ত্বেতাং শ্রুতিময়ং বিচার ইতি দ্রষ্টব্যম্ ॥ ৩ । ৪ । ১৮ ॥

অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ ॥৩।৪।১৯॥*

অনুষ্ঠেয়মাশ্রমান্তরং বাদরায়ণ আচার্য্যো মন্যতে, বেদেষু

ন চান্যপরাদপি স্ফুটতরাশ্রমান্তরপ্রত্যয় ইত্যাহ—“সন্দিগ্ধঞ্চ” ইতি। ন হি তপ এব দ্বিতীয় ইত্যত্রাশ্রমান্তরাভিধায়ী কশ্চিদস্তি শব্দ ইতি। নন্বেতমেব প্রব্রাজিন ইতি বচনাদাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—“তথা এতমেব” ইতি। “এতদপি লোকসংস্তবনপরম্” ইতি। অধিকরণারম্ভমাক্ষিপ্য নাস্তি প্রত্যক্ষবচনমিতি কৃত্বা চিন্তেয়মিতি সমাধত্তে—“ননু ব্রহ্মচর্য্যাদেব” ইতি ॥ ৩ । ৪ । ১৮ ॥

ভবত্বন্যার্থঃ পরামর্শস্তথাপ্যেতস্মাদাশ্রমান্তরাণি প্রতীয়মানানি চ নাপা-

---

“তপস্যাই দ্বিতীয়” ইত্যাদি বাক্যে আশ্রমান্তরের কথন হইয়াছে কি-না, সন্দেহ। (কারণ, ঐ সকল স্থলে আশ্রমবাচক শব্দ নাই।) “পরিব্রাজকগণ এই লোক (আত্মলোক, মোক্ষ) ইচ্ছা করিয়া প্রব্রজ্যা করেন।” এই স্থলে সন্ন্যাসাশ্রমের পর্য্যায়ে (নামান্তরে) প্রব্রজ্যা-শব্দ আছে সত্য; পরন্তু তাহাতে বিধায়ক শব্দ (লিঙ্ বিভক্তি প্রভৃতি) না থাকায় তাহার দ্বারা পারিব্রাজ্যের (চতুর্থাশ্রমের) বিধান সিদ্ধ হয় নাই। উহা বিধেয় বা অনুষ্ঠেয়রূপ নহে। কেবল লোকস্তুতির জন্যই উহার উল্লেখ। [ননু দ্রষ্টব্যম্] যদি বল, ব্রহ্মচর্য্য হইতে প্রব্রজ্যা করিবেক, এই ত জাবালদিগের বিধান আছে? “প্রব্রজেৎ—প্রব্রজ্যা করিবেক” এই ত সন্ন্যাসবিধায়ক প্রত্যক্ষা শ্রুতি আছে? ইহার প্রত্যুত্তর—ঐ শ্রুতি পর্য্যবেক্ষণ না করিয়াই এতৎ বিচার উপস্থাপিত করা হইয়াছে ॥ ৩ । ৪ । ১৮ ॥

অন্যান্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় (বিধেয় বা বিধানলব্ধ), ইহা

---

* আশ্রমান্তরমিতি যোজ্যম্। সাম্যং সমানত্বং পরামর্শস্য, তস্মাৎ। সিদ্ধান্তসূত্রমেতৎ। বাদারায়ণ মুনির মত এই যে, অন্য আশ্রমও গার্হস্থ্যবৎ অনুষ্ঠেয়। কারণ এই যে, আশ্রম সমূহের পরামর্শ অর্থাৎ অনুবাদ সমান। উদাহৃত বাক্যে গার্হস্থ্যের অনুবাদ যদ্রূপ, আশ্রমান্তরের অনুবাদও তদ্রূপ, সুতরাং পরামর্শসাম্য বলে অন্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় বা বিধেয়। (ভাষ্যানুবাদ দেখ)।

শ্রবণাৎ,গ্নিহোত্রাদীনাঞ্চাবশ্যানুষ্ঠেয়ত্বাৎ তদ্বিরোধাদনধিকৃতানুষ্ঠেয়মাশ্রমান্তরমিতি হীমাং মতিং নিরাকরোতি গার্হস্থ্যবদেবাশ্রমান্তরমপ্যনিচ্ছতা প্রতিপত্তব্যমিতি মন্যমানঃ। কুতঃ। সাম্যশ্রুতেঃ। সমানা হি গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য পরামর্শশ্রুতির্দৃশ্যতে "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যাদ্যা। যথেহ শ্রুত্যন্তরবিহিতমেব গার্হস্থ্যং পরামৃষ্টম্, এবমাশ্রমান্তরমপীতি প্রতিপত্তব্যম্। যথা চ শাস্ত্রান্তরপ্রাপ্তয়োরেব নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ উপবীতবিধিপরে বাক্যে। তস্মাৎ তুল্যমনুষ্ঠেয়ত্বং গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য।

করণমর্হন্তি। এবং ত্যন্যপাক্রিয়েরন্ যত্তস্মান্ন প্রতীয়েরন্, প্রতীয়মানানি বা শ্রুত্যা বাধ্যেরন্। ন তাবন্ন প্রতীয়ন্তে। তথাহি—ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ইতি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতম্। তত্র স্কন্ধশব্দো যদ্যাশ্রমপরো ন স্যাদপি তু সমূহবচনঃ, ততো ধর্ম্মাণাং যজ্ঞাদীনাং প্রাতিস্বিকোৎপত্তীনাং কিমপেক্ষ্য ত্রিত্বং সঙ্খ্যায়

বাদবায়ণের (ব্যাসের) মত। তৎপ্রতি হেতু—সাম্যশ্রবণ। বেদে সমানরূপে আশ্রমচতুষ্টয় শ্রুত হইয়াছে। অগ্নিহোত্রাদি কর্ম্ম অবশ্যানুষ্ঠেয়, গৃহস্থ তাহার অধিকারী, অন্য আশ্রম তাহার বিপরীত বা বিরোধী (অন্য আশ্রমে অবশ্যানুষ্ঠেয় অগ্নিহোত্রাদির আচরণ দেখা যায় না), সুতরাং অগ্নিহোত্রাদি কর্ম্মে অসমর্থ অন্ধ পঙ্গু প্রভৃতির জন্যই কর্ম্মবর্জ্জিত আশ্রমান্তরের বিধান; অর্থাৎ তাদৃশ ব্যক্তিই অগত্যা কর্ম্মবর্জ্জিত আশ্রমের অধিকারী; এইরূপ মতি (বুদ্ধি) সূত্রকার ব্যাস এতৎসূত্রে নিরাকৃত করিতেছেন। সূত্রকার ভাবিয়া দেখিয়াছেন, ইচ্ছা না থাকিলেও বাদীদিগকে গার্হস্থ্যের ন্যায় অন্যাশ্রমের বিধান স্বীকার করিতে হইবে। কারণ, পরামর্শ ও শ্রুতি দুই দিকেই সমান। [সমানা...বিদ্যয়া] ধর্ম্মস্কন্ধ তিন, এই শ্রুতিতে গৃহাশ্রম ও অন্য আশ্রম সমানরূপে পরামৃষ্ট হইয়াছে। ধর্ম্মস্কন্ধবাক্যে শ্রুত্যন্তরবিহিত গার্হস্থ্যের যদ্রূপ পরামর্শ (অনুবাদ), শাস্ত্রান্তরবিহিত অন্য আশ্রমেরও তদ্রূপ পরামর্শ (অনুবাদ) আছে, ইহা জানিবে। এক স্থানে বিহিত বিষয় যে, অন্য স্থানে পরামৃষ্ট (অনূদিত) হয়, তাহার উদাহরণ (দৃষ্টান্ত) আছে। যেমন উপবীতবাক্যে শাস্ত্রান্তরপ্রাপ্ত নিবীত ও প্রাচীনাবীত * পরামৃষ্ট (অনূদিত) হয় বা হইয়াছে, সেইরূপ উদাহৃত

---

* উত্তরীয় বস্ত্র মালাবৎ কণ্ঠলম্বিত করতঃ ধারণ করিলে অথবা তদ্দ্বারা দেহার্দ্ধ বন্ধন করিলে নিবীত নাম প্রাপ্ত হয়। বামস্কন্ধ হইতে দক্ষিণভাগে উত্তরীয় স্থাপন করিলে তাহা উপবীত এবং দক্ষিণ স্কন্ধারব্ধ করতঃ বামভাগাবলম্বী করিলে তাহা প্রাচীনাবীত নাম প্রাপ্ত হয়। মনুষ্য কার্য্যে নিবীত, পিতৃকার্য্যে প্রাচীনাবীত, তদ্ভিন্ন কার্য্যে উপবীত। পূর্ব্বমীমাংসায় "নিবীতং মনুষ্যাণাং" ইত্যাদি বাক্যের উদ্দেশ্য বিচারিত হইয়াছে এবং তাহাতে স্থির হইয়াছে যে, উপবীত বিধানার্থই নিবীত ও প্রাচীনাবীত পরামৃষ্ট (অনূদিত) হইয়াছে।

তথা "এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" ইত্যস্য বেদানুবচনাদিভিঃ সমভিব্যাহারঃ। "যে চেমেঽরণ্যে" ইত্যুপাসতে ইত্যস্য চ পঞ্চাগ্নিবিদ্যয়া।

যত্তূক্তং "তপ এব দ্বিতীয়ঃ" ইত্যাদিষ্বাশ্রমান্তরাভিধানং সন্দিগ্ধমিতি। নৈষ দোষঃ, নিশ্চয়কারণসদ্ভাবাৎ। "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইতি হি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতং, ন চ যজ্ঞাদয়ো ভূয়াংসো ধর্ম্মা উৎপত্তিভিন্নাঃ সন্তোঽন্যত্রাশ্রমসম্বন্ধাৎ ত্রিত্বেঽন্তর্ভাবয়িতুং শক্যন্তে। তত্র যজ্ঞাদিলিঙ্গো গৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধো নির্দ্দিষ্টঃ। ব্রহ্মচারীতি চ স্পষ্ট আশ্রমনির্দ্দেশঃ। তপ

ব্যবস্থাপ্যেত। একৈকাশ্রমোপসংগৃহীতাস্বাশ্রমাণাং ত্রিত্বাচ্ছক্যাস্ত্রিত্বে ব্যবস্থাপয়িতুমিত্যাশ্রমত্রিত্বপ্রতিজ্ঞোপপত্তিঃ। তত্র যজ্ঞাদিলিঙ্গো গৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধঃ, ব্রহ্মচারীতি দ্বিতীয়স্তপ ইতি চ। তপঃপ্রধানাত্তু বানপ্রস্থাশ্রমান্নান্যো ব্রহ্মসংস্থ ইতি চ পারিশেষ্যাৎ পরিব্রাড়িতি বক্ষ্যতি। তস্মাদন্যপরাদপি পরামর্শাদাশ্রমান্তরাণি প্রতীয়মানানি দেবতাধিকরণন্যায়েন ন শক্যন্তেঽপাকর্তুম্। ন চ প্রত্যক্ষশ্রুতিবিরোধঃ, বীরহা বেত্যাদেঃ প্রতিপন্নগার্হস্থ্যং প্রমাদাদজ্ঞানাদ্বাগ্নিমুদ্বাসয়িতুং প্রবৃত্তং প্রত্যুপপত্তেঃ। এবঞ্চাবিরোধে সিদ্ধবৎ পরামর্শাদাশ্রমান্তরাণাং শাস্ত্রান্তরসিদ্ধিং বা কল্পয়িষ্যামো যথোপবীতবিধিপরে বাক্যে

বাক্যেও আশ্রমান্তরের পরামর্শ হইয়াছে এবং সে পরামর্শ সাধু বলিয়া গণ্য। ফল কথা এই যে, অন্যান্য আশ্রমও গার্হস্থের ন্যায় অনুষ্ঠেয়। অপিচ, "পরিব্রাজকগণ এই আত্মলোক লাভার্থ প্রব্রজ্যা (সর্ব্বকর্ম্মত্যাগরূপ সন্ন্যাস) করেন" এই বাক্য ও "ব্রাহ্মণগণ দান, বেদাধ্যয়ন, যজ্ঞ, ইত্যাদির দ্বারা ব্রহ্ম জানিবার ইচ্ছা করেন" এই বেদানুবাচন-বাক্য একসঙ্গে পঠিত এবং "যাহারা অরণ্যে শ্রদ্ধাই তপঃস্থানীয়, এইরূপে উপাসনা করে" এই বাক্যও পঞ্চাগ্নিবিদ্যাবিধায়ক বাক্যের সাহিত্যে (এক সঙ্গে) অভিহিত; (সুতরাং তুল্যবিধান)।

[যত্তূক্তং...শ্রমান্তরম্] বলিয়াছিলে যে, "তপ এব দ্বিতীয়ঃ" এই বাক্যে আশ্রমান্তরের বিধান হইয়াছে কি-না সন্দেহ, বস্তুতঃ তাহা সন্দেহযুক্ত নহে। যখন নিশ্চায়ক হেতু আছে, তখন তাহাতে সন্দেহ করা অযুক্ত। নিশ্চায়ক হেতু থাকিলে ঐরূপ উক্তি দোষ বহন করে না। বিবেচনা কর, "তিনটী ধর্ম্মস্কন্ধ" এই প্রথমোক্ত বাক্যে তিন্ সংখ্যা পরিগণিত বা প্রতিজ্ঞাত হইয়াছে। শাস্ত্রে যজ্ঞাদি বহু ধর্ম্ম অভিহিত থাকায় আশ্রম-বিভাগ ব্যতীত সে সমুদায় তিনের অন্তর্ভূত হইবার সম্ভাবনা নাই; সুতরাং প্রতীত হইতেছে যে, যজ্ঞাদিচিহ্নিত গৃহাশ্রম প্রথম স্কন্ধ, ব্রহ্মচর্য্যাশ্রম (ব্রহ্মচারী শব্দ বিস্পষ্ট আশ্রমবাচক) দ্বিতীয়

ইত্যপি কোঽন্যস্তপঃপ্রধানাদাশ্রমাদ্ধর্ম্মস্কন্ধোঽভ্যুপগম্যেত। "যে চেমেঽরণ্যে" ইতি চারণ্যলিঙ্গাৎ শ্রদ্ধাতপোভ্যামাশ্রমগৃহীতিঃ। তস্মাৎ পরামর্শেঽপ্যনুষ্ঠেয়মাশ্রমান্তরম্ ॥ ৩ । ৪ । ১৯ ॥

বিধির্ব্বা ধারণবৎ ॥ ৩ । ৪ । ২০ ॥*

বিধির্ব্বায়মাশ্রমান্তরস্য, ন পরামর্শমাত্রম্। ননু বিধিত্বাভ্যুপগম একবাক্যতাপ্রতীতিরুপরুধ্যেত। প্রতীয়তে চাত্রে-

---

'উপব্যয়তে দেবলক্ষ্মমেব তৎ কুরুতে' ইত্যত্র 'নিবীতং মনুষ্যাণাং প্রাচীনাবীতং পিতৃণাম্" ইতি শাস্ত্রান্তরসিদ্ধয়োর্নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ ইতি ॥ ৩ । ৪ । ১৯ ।

যদ্যপি ব্রহ্মসংস্থত্বস্তুতিপরতয়াঽস্য সন্দর্ভস্যৈকবাক্যতা গম্যতে। সম্ভবন্ত্যাশ্চৈকবাক্যতায়াং বাক্যভেদোঽন্যায্যঃ, তথাপ্যাশ্রমান্তরাণাং পূর্ব্বসিদ্ধেরভাবাৎ পরামর্শানুপপত্তেরপরামর্শে চ স্তুতেরসম্ভবেন কিম্পরতয়া একবাক্যতাঽস্তু, ইতি তাং ভঙ্‌ক্ত্বা ধারণবদ্বরমপূর্ব্বত্বাদ্বিধিরেবাঽস্তু। যথা—"অধস্তাৎ সমিধং ধারয়ন্ননুদ্রবেদুপরি হি দেবেভ্যো ধারয়তি" ইত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্য-

---

স্কন্ধ এবং তপোনামক অন্য একটী স্কন্ধ তাহার তৃতীয়। এই স্থানে জিজ্ঞাস্য এই যে, তপঃশব্দে তপস্যাপ্রধান আশ্রম ব্যতীত অন্য কিছু গ্রহণ করিতে পার না। অন্য কোন ধর্ম্মস্কন্ধ গ্রহণ করিবে? অবশ্যই অরণ্য-শব্দের সামর্থ্যে ও শ্রদ্ধাতপঃ-শব্দের দ্বারা অতিরিক্ত এক আশ্রম গ্রহণ করিতে হইবে। যদি তাহাই হয়, তবে তাহা চর্তুর্থাশ্রম ব্যতীত অন্য কিছুই নহে। অতএব, পরামর্শ অর্থাৎ অনুবাদ-বাক্য হইলেও তদ্দারা (ধর্ম্মস্কন্ধশব্দঘটিত বাক্যের দ্বারা) গার্হস্থ্যের ন্যায় চতুর্থাশ্রমেরও বৈধতা অবধারিত হয়; সুতরাং উপসংহার—উত্তরাশ্রমও গার্হস্থ্যের সহিত সমান অনুষ্ঠেয় (বিধেয় বা বিধিবোধিত) ॥ ৩ । ৪ । ১৯ ॥

অথবা ঐটীই বিধায়ক বাক্য। ঐ বাক্যেই আশ্রমান্তরের কেবল উল্লেখমাত্র হয় নাই, উহাতে বিধানও হইয়াছে। ঐ বাক্যকে বিধিবাক্য বলিয়া অস্বীকার করিতে গেলে একবাক্যতা প্রতীতির বাধা জন্মে সত্য; (তিন ধর্ম্মস্কন্ধের ফল পুণ্যলোকপ্রাপ্তি, কিন্তু ব্রহ্মসংস্থতার ফল মোক্ষ। এই যে, ব্রহ্মনিষ্ঠতার প্রশংসা, এ প্রশংসার দ্বারা সমুদায় বাক্য একীকৃত হয়; হইয়া একই অর্থের প্রতীতি জন্মায়; সুতরাং ঐকাশ্রম্যই বিহিত বলিয়া বিজ্ঞাত হওয়া যায় সত্য;)

---

* বেত্যবধারণে। বিধিরেবাঽয়ং ন পরামর্শঃ। ধারণবদিতি দৃষ্টান্তঃ। একবাক্যতাজ্ঞানেঽপি তত্ত্যাগেনাপূর্ব্বার্থে বিধৌ দৃষ্টান্তঃ—ধারণবদিতি। ভাষ্যে চৈতদ্বিবৃতমস্তি।

পরামর্শ পক্ষ স্বীকার করিলেও চতুর্থাশ্রমের অনুষ্ঠেয়তা প্রাপ্ত হওয়া যায়। কিন্তু বিচার চক্ষে দেখিতে গেলে ঐ বাক্যই তাহার বিধায়ক বলিয়া প্রতীত হইবে। পূর্ব্বমীমাংসায় যেমন উপরিধারণ বাক্যে বিধি, সেইরূপ এখানেও ধর্ম্মস্কন্ধ বাক্যে আশ্রমবিধি। দৃষ্টান্তের বিবরণ ভাষ্য ব্যাখ্যায় পাইবেন।

কবাক্যতা—পুণ্যলোকফলাস্ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ, ব্রহ্মসংস্থতা ত্বমৃতত্ব-ফলেতি। সত্যমেতৎ। সতীমপি ত্বেকবাক্যতাপ্রতীতিং পরিত্যজ্য বিধিরেবাভ্যুপগন্তব্যঃ, অপূর্ব্বত্বাদ্বিধ্যন্তরস্যাদর্শনাৎ, বিস্পষ্টাচ্চাশ্রমান্তরপ্রত্যয়াৎ গুণবাদকল্পনয়ৈকবাক্যত্বপ্রয়োজনানুপপত্তেঃ। ধারণবৎ। যথা "অধস্তাৎ সমিধং ধারয়ন্ননুদ্রবেদুপরি হি দেবেভ্যো ধারয়তি" ইত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্যতাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ। তথা

তাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ। যথোক্তম্ "বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাৎ" ইতি, তথেহাপ্যাশ্রমান্তরপরামর্শশ্রুতির্ব্বিধিরেবেতি কল্প্যতে। সম্প্রতি পরামর্শেঽপীতরেষামাশ্রমাণাং ব্রহ্মসংস্থতাসংস্তবসামর্থ্যাদেব বিধাতব্যা। ন

পরন্তু সে একবাক্যতা ও ঐক্যজ্ঞান পরিত্যাগ করিয়া বিধিত্ব স্বীকার করাই সঙ্গত। কারণ এই যে, ঐ আশ্রমবিশেষ অপূর্ব্ব অর্থাৎ পূর্ব্বপ্রাপ্ত নহে। ফলিতার্থ এই যে, তদ্বিধায়ক বিধ্যন্তর দৃষ্ট হয় না, বিধ্যন্তর দৃষ্ট না হওয়ায় উদাহৃত বাক্যেই প্রোক্ত আশ্রমের বিধান অবশ্য স্বীকার্য্য। [বিস্পষ্টা…কল্প্যতে] যখন স্পষ্টতই আশ্রম প্রতীতি হইতেছে, তখন আর স্তুতিবাদ কল্পনা করিয়া একবাক্য করিবার প্রয়োজন নাই। পূর্ব্বমীমাংসায় যেরূপে ধারণ-বাক্যের বিধিত্ব স্বীকৃত হইয়াছে, এই উত্তরমীমাংসায়ও সেইরূপেই উদাহৃত বাক্যের বিধিত্ব স্বীকৃত হইবে। একটী শ্রুতি আছে—"তাহার নীচে সমিধ্ স্থাপন করিবেক। দেবতার উদ্দেশে উপরিধারণ করিবেক। এই বাক্যে "নীচে সমিধ্ ধারণ" এই অংশে বিধিবিভক্তি ও উপরিধারণ অংশে পরামর্শ অর্থাৎ অনুবাদ প্রয়োগ দৃষ্ট হয়; সুতরাং প্রতীত হয়, প্রদর্শিত তদুভয় বাক্য এক হইয়া একই অর্থকে অর্থাৎ অধোধারণরূপ অর্থকেই বলবৎ করিতেছে। বস্তুতঃ তাহা নহে। একবাক্যতা প্রতীত হইলেও উপরিধারণের অপূর্ব্বত্ব থাকায় (অন্য বাক্যে বিহিত না হওয়ায়) ইহাই সুস্থির হয় যে, প্রোক্ত সন্দর্ভ বাক্যদ্বয়ে বিভক্ত। তাহার শেষ বাক্যে উপরিধারণের বিধান অর্থাৎ বিধিবিভক্তি না থাকিলেও, "উপরি ধারয়তি—উপরে ধারণ করিতেছে" এইরূপ প্রয়োগ থাকিলেও, তাহা বিধি বলিয়া গণ্য। * এ কথা পূর্ব্বমীমাংসার শেষ-লক্ষণে

---

* মহাপিতৃযজ্ঞ ও মৃত ব্যক্তির অগ্নিহোত্র, এই দুই স্থলে ঐ বাক্য কথিত হইয়াছে। বাক্যের অর্থ এই যে, যখন হোমীয় ঘৃতাদি স্রুক্ নামক হোমপাত্রে লইয়া হোমকুণ্ডসমীপে নীত হইবে, তখন পিত্র্য হোম হইলে সেই হোমীয় ঘৃতাদির নীচে সমিধ্ পাতিত করিবেক। ইহার নাম অধোধারণ, এবং বিধায়ক লিঙ বিভক্তি থাকায় এই অধোধারণ বাক্যই বিধিবাক্য। আর দৈব (দেবতার উদ্দেশে) হোম হইলে তাঁহার উপরে সমিধ্ স্থাপন করে, এই বাক্যে যে, উপরে সমিধ্ দিবার কথা আছে, তাহা উপবিধারণ। এই উপরিধারণ বিধিবিভক্তির দ্বারা অভিহিত না হইলেও পূর্ব্বাপ্রাপ্তত্বা বিধায় বিধি বলিয়া গণ্য। অর্থাৎ ধারযতি শব্দের পরিবর্ত্তে ধারয়েৎ

চোক্তং শেষলক্ষণে "বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাৎ" ইতি। তদ্বদিহা-প্যাশ্রমপরামর্শশ্রুতির্ব্বিধিরেবেতি কল্প্যতে।

যদ্যপি পরামর্শ এবায়মাশ্রমান্তরাণাং, তদাপি ব্রহ্মসংস্থতা তাবৎ সংস্তবসামর্থ্যাদবশ্যবিধেয়াঽভ্যুপগন্তব্যা। সা চ কিং চতুর্ষ্বাশ্রমেষু যস্য কস্যচিৎ? আহোস্বিৎ পরিব্রাজকস্যৈব? ইতি বিবেক্তব্যম্। যদি চ ব্রহ্মচর্য্যান্তেষ্বাশ্রমেষু পরামৃশ্যমানেষু পরিব্রাজকোঽপি পরামৃষ্টঃ,ততশ্চতুর্ণামপ্যাশ্রমাণাং পরামৃষ্টত্বা-বিশেষাদনাশ্রমিত্বানুপপত্তেশ্চ যঃ কশ্চিচ্চতুর্ষ্বাশ্রমেষু ব্রহ্মসংস্থো ভবিষ্যতি। অথ ন পরামৃষ্টঃ, ততঃ পরিশিষ্যমাণঃ পরিব্রাড়েব ব্রহ্মসংস্থ ইতি সেৎস্যতি।

খল্ববিধেয়ং সংস্তূয়তে, তদর্থত্বাৎ সংস্তবস্যেত্যাহ—"যদ্যপি"ইতি। অত্রাবান্তর-বিচারমারভতে "সা চ কিং চতুর্ষু" ইতি।

বিচারপ্রয়োজনমাহ—"যদি চ" ইতি।" নন্বনাশ্রম্যেব ব্রহ্মসংস্থো ভবিষ্যতীত্যত

অর্থাৎ অঙ্গবিচার সূত্রে সুব্যক্ত আছে। যথা—"পূর্ব্বপক্ষ বিদূষিত করিবে। করিয়া ইহাই অবধারণ করিবে যে, অপূর্ব্ব অর্থাৎ বাক্যান্তর-প্রাপ্ত নহে বলিয়া ধারণ-বাক্য বিধিবাক্য; অনুবাদ বাক্য নহে।" পূর্ব্বমীমাংসার এই সূত্রে যেমন ধারণের বিধিত্ব সিদ্ধান্তিত হইয়াছে, তেমনি, এই উত্তর মীমাংসাতেও আশ্রম-শ্রুতির বিধিত্ব-সিদ্ধান্তিত হইবে।

[যদ্যপি...যুক্তম্] ঐ বাক্য আশ্রমান্তরের পরামর্শক হইলেও তদ্দ্বারা স্তুতির সামর্থ্যে ব্রহ্মনিষ্ঠতার বিধান হইতে পারে। "যদ্ধি স্তূয়তে তৎ বিধীয়তে —যাহার স্তুতি, তাহারই বিধান।" এতদ্দৃষ্টে ব্রহ্মনিষ্ঠতাও বিধেয়, ইহা স্বীকৃত হইলে, তখন বিবেচ্য হইবে যে, ব্রহ্মসংস্থা সকল আশ্রমের? কিংবা কেবলই পরিব্রাজকের? যদি অন্য আশ্রমত্রয়ের সহিত পারিব্রাজ্যও পরামৃষ্ট হইয়া থাকে, তবে অনাশ্রমিত্ব বাক্যের ("অনাশ্রমী ন তিষ্ঠেত্তু দিনমেকমপি দ্বিজঃ" এই বাক্যের) সার্থক্য থাকিবেক না। তাহাতে এইরূপ বিধান নিষ্পত্তি হইবে যে, আশ্রম চতুষ্টয়ের মধ্যে যে কোন আশ্রমী ব্রহ্মনিষ্ঠ হইতে পারিবে। আর যদি আশ্রম-ত্রয়ের সঙ্গে পারিব্রজ্যের পরামর্শ না হইয়া থাকে, অর্থাৎ তাহা যদি অপ্রাপ্ত থাকে, তাহা হইলে এই বিধানই লব্ধ হইবে যে, পরিব্রাজক কেবলই ব্রহ্মনিষ্ঠ হইবেন। ফলতঃ, এই শেষ পক্ষই সঙ্গত। এই স্থলে কেহ কেহ বলেন, তপঃশব্দটী বানপ্রস্থ

এইরূপ পদপ্রযুক্ত করা হয়। এ সকল কথা পূর্ব্বমীমাংসায় আছে। অতএব, যদ্রূপ পূর্ব্ব-মীমাংসায় উপরি সমিধ ধারণের অপূর্ব্বতা দৃষ্টে পিত্র্যহোম ও দৈবহোম, এই দুই বিষয়ে অধোধারণ ও উপরিধারণ বিধেয় বলিয়া স্থির করা হয়। সে স্থলে যেমন বাক্যভেদ অর্থাৎ দুই বাক্য স্বীকার করায় দোষ হয় না, তদ্রূপ, এখানেও দুই বাক্য দোষাবহ হইবেক না।

তত্র তপঃশব্দেন বৈখানসগ্রাহিণা পরামৃষ্টঃ পরিব্রাড়পীতি কেচিৎ। তদযুক্তম্। ন হি সত্যাং গতৌ বানপ্রস্থবিশেষণেন পরি-

---

আহ—"নাশ্রমিত্ব" ইতি। তত্র পূর্ব্বপক্ষমাহ—"তত্র তপঃশব্দেন" ইতি। অয়মভি-সন্ধিঃ। ন তাবদ্ব্রহ্মসংস্থ ইতি পদং প্রত্যস্তমিতাবয়বার্থং পরিব্রাজকেঽশ্বকর্ণাদি-পদবদ্রূঢ়ম্। তদাশ্রমপ্রাপ্তিমাত্রেণৈব অমৃতীভাব ইতি ন তদ্ভাবায় ব্রহ্মজ্ঞানম-পেক্ষতে। তথা চ নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়েতি বিরোধঃ। ন চ সম্ভবত্য-বয়বার্থে সমুদায়শক্তিকল্পনা। তস্মাদ্ব্রহ্মণি সংস্থাঽস্যেতি ব্রহ্মসংস্থঃ। এবং চতুর্ষ্বাশ্রমেষু যস্যৈব ব্রহ্মণি নিষ্ঠত্বমাশ্রমিণঃ, স ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতীতি যুক্তম্। তত্র তাবদ্ব্রহ্মচারিগৃহস্থৌ স্বশব্দাভিহিতৌ। তপঃপদেন চ তপঃ-প্রধানতয়া ভিক্ষু-বানপ্রস্থাবুপস্থাপিতৌ। ভিক্ষুরপি হি সমধিকশৌচাষ্টগ্রাসী ভোজননিয়মাদ্ভবতি বানপ্রস্থস্তপঃপ্রধানঃ। ন চ গৃহস্থাদেঃ কর্ম্মিণো ব্রহ্মনিষ্ঠত্বা-সম্ভবঃ। যদি তাবৎ কর্ম্মযোগঃ কর্ম্মিতা, সা ভিক্ষোরপি কায়বাঙ্মনোভিরস্তি। অথ যে ন ব্রহ্মার্পণেন কর্ম্ম কুর্ব্বন্তি, কিন্তু কামার্থিতয়া, তে কর্ম্মিণঃ, তথা সতি গৃহস্থাদয়োঽপি ব্রহ্মার্পণেন কর্ম্ম কুর্ব্বাণা ন কর্ম্মিণঃ। তস্মাদ্ব্রহ্মণি তাৎপর্য্যং ব্রহ্মনিষ্ঠতা, ন তু কর্ম্মত্যাগঃ। প্রমাণবিরোধাৎ। তপসা চ দ্বয়োরাশ্রময়োরেকীকরণেন ত্রয় ইতি ত্রিত্বমুপপদ্যতে। এবঞ্চ ত্রয়োঽপ্যাশ্রমা অব্রহ্মসংস্থাঃ সন্তঃ পুণ্যলোকভাজো ভবন্তি, যঃ পুনরেতেষু ব্রহ্মসংস্থঃ সোঽমৃতত্বভাগিতি। ন চ যেষাং পুণ্যলোকভাগিত্বং তেষামেবা-মৃতত্বমিতি বিরোধঃ। যথা দেবদত্তযজ্ঞদত্তৌ মন্দপ্রজ্ঞাবভূতাং, সম্প্রতি তয়োর্যজ্ঞদত্তস্ত শাস্ত্রাভ্যাসাৎ পটুপ্রজ্ঞো বর্ত্তত ইতি, তথেহাপি য এবাব্রহ্ম-সংস্থাঃ পুণ্যলোকভাজস্ত এব ব্রহ্মসংস্থা অমৃতত্বভাজ ইত্যবস্থাভেদাদবিরোধঃ। তথাচ ব্রহ্মসংস্থ ইতি যৌগিকং পদং প্রকৃতবিষয়ং ভবিষ্যতি। যথাগ্নেয্যাগ্নীধ্র-মুপতিষ্ঠত ইত্যত্র বিনিযুক্তাপি প্রকৃতৈবাগ্নেয়ী গৃহ্যতে। ন চ বিনিযুক্তবিনি-যোগবিরোধঃ। যদি হ্যত্রাগ্নেয্যুপদিশ্যেত, ততো যথা প্রতীতা তথোদ্দিশ্যেত। বিনিযুক্তা চ প্রতীতির্ভবেদিতি বিনিযুক্তবিনিয়োগবিরোধঃ। ইহ তু আগ্নীধ্রো-পস্থানে সা বিধেয়ত্বেন বিনিযুজ্যতে, ন তূদ্দিশ্যতে। বিধেয়ত্বেন চ বিনিয়োগে আগ্নেয়ীপদার্থাপেক্ষণাৎ প্রকৃতাতিক্রমে প্রমাণাভাবাৎ তাবতা চ শাস্ত্রোপ-পত্তের্নাপ্রকৃতানামপি গ্রহণসম্ভবঃ। ন চ যাতযামতয়া ন বিনিয়োগঃ। বাচ-স্তোমে সর্ব্বেষামেব মন্ত্রাণাং বিনিয়োগাদন্যত্রাপ্যবিনিয়োগপ্রসঙ্গাৎ, তথেহাপি প্রকৃতা এবাশ্রমা বুদ্ধিবিপরিবর্ত্তিনঃ পরামৃশ্যন্তে নানুক্তঃ পরিব্রাড়েবেতি পূর্ব্ব-পক্ষঃ। রাদ্ধান্তমুপক্রমতে।

"তদযুক্তম্। ন হি সত্যাং গতৌ বানপ্রস্থবিশেষণেন" ইতি। যথোপক্রান্তং

আশ্রমের বোধক, সুতরাং তপঃশব্দ থাকায় পরিব্রাজক শব্দ বানপ্রস্থের বিশেষণরূপে পরামৃষ্ট হইয়াছে। যাঁহারা এ কথা বলেন, তাহাদের কথা যুক্তিযুক্ত নহে।

[ন...ন্যায্যম্] যখন গত্যন্তর আছে, তখন আর কেন বানপ্রস্থবিশেষণে

ব্রাজকো গ্রহণমর্হতি। যথাত্র ব্রহ্মচারিগৃহমেধিনাবসাধারণেনৈব স্বেন স্বেন বিশেষণেন বিশেষিতাবেবং ভিক্ষু-বৈখানসাবপীতি যুক্তম্। তপশ্চাসাধারণো ধর্ম্মো বানপ্রস্থানাং কায়ক্লেশপ্রধানত্বাত্তপঃশব্দস্য তত্র রূঢ়েঃ। ভিক্ষোস্তু ধর্ম্ম ইন্দ্রিয়সংযমাদিলক্ষণো নৈব তপঃশব্দেনাভিলপ্যেত। চতুষ্ট্বেন চ প্রসিদ্ধা আশ্রমাস্ত্রিত্বেন পরামৃষ্যন্ত ইত্যন্যায্যম্। অপি চ ব্যপদেশো বা ভবতি "ত্রয় এতে পুণ্যলোকভাজ একোঽমৃতত্বভাক্" ইতি। পৃথক্ত্বে চৈষ ভেদেন ব্যপদেশোঽবকল্পতে ; ন হ্যেবম্ভবতি—দেব-

---

তত্রৈব পরিসমাপনমুচিতম্। যৎসঙ্খ্যাকাশ্চ যে প্রসিদ্ধাস্তে তৎসঙ্খ্যাকা এব কীর্ত্ত্যন্ত ইতি চোচিতম্। ন তু সত্যাং গতাবুৎসর্গস্যাপবাদো যুজ্যতে। অসাধারণেনৈকৈকেন লক্ষণেনৈকৈক আশ্রমো বক্তুমুপক্রান্ত ইতি তত্রৈব সমাপনমুচিতম্। ন তু সাধারণাসাধারণাভ্যামুপক্রম সমাপ্তী শ্লিষ্যেত। ন চ তপো নাম নাসাধারণং বানপ্রস্থানামিত্যত আহ—"তপশ্চাসাধারণ"ইতি। ন খলু পরাকাদিভিঃ কায়ক্লেশপ্রধানো যথা বানপ্রস্থস্তথা ভিক্ষুঃ সত্যপ্যষ্টগ্রাসাদিনিয়মে। ন চ শৌচসন্তোষশমদমাদয়স্তপঃপক্ষে বর্ত্তন্তে, তত্র বৃদ্ধানাং তপঃপ্রসিদ্ধেরসিদ্ধেঃ। অতএব বৃদ্ধাস্তপসোভেদেন শৌচাদীনাচক্ষতে—শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মা ইতি। সিদ্ধসঙ্খ্যাভেদেষু চ সঙ্খ্যান্তরাভিধানমশ্লিষ্টমিত্যাহ—"চতুষ্ট্বেন চ" ইতি। "অপি চ ব্যপদেশো বা "ইতি। ত্রয় এত ইতি কিং ভিক্ষুরপি পরামৃশ্যতে, কিং বা ভিক্ষুবর্জ্জং ত্রয এব, ন তাবদয় ইতি ভিক্ষুসংগ্রহে তদ্বর্জ্জমমেতে ত্রয় ইত্যত্র কর্ত্তুং শক্যম্। এত ইতি প্রকৃতানাং সাকল্যেন পরামর্শাৎ। ভিক্ষুসংগ্রহে চ ন তস্য পুণ্যলোকত্বম-

---

পরিব্রাজকের গ্রহণ করিবে ? করিলে তাহা অবশ্যই অন্যায্য হইবে। ব্রহ্মচারী ও গৃহস্থ এই উভয় যেমন নিজ নিজ অসাধারণ বিশেষণে বিশেষিত, সেইরূপ, ভিক্ষু এবং বানপ্রস্থও অনন্যসাধারণ নিজ ধর্ম্মের দ্বারাই বিশেষিত হইবে। বানপ্রস্থীদিগের নিজ অসাধারণ (নির্দ্দিষ্ট বা নিয়মিত) ধর্ম্ম তপস্যা ; তাহা (তপঃশব্দ) কায়ক্লেশপ্রধান কৃচ্ছ্রাদি ধর্ম্মেই রূঢ় অর্থাৎ প্রসিদ্ধ। আর ভিক্ষুর (চতুর্থাশ্রমের) অসাধারণ ধর্ম্ম ইন্দ্রিয়সংযমাদি, তাহা তপঃশব্দের অভিলাপ্য নহে। অপিচ, যখন চার আশ্রমই প্রসিদ্ধ, তখন তিন্ আশ্রমের পরামর্শ, এ কথা সম্ভবতঃ সর্ব্ববাদীর পক্ষেই অসঙ্গত। [অপিচ...ভাক্] অপিচ, আশ্রম বিষয়ে ভেদব্যপদেশও দেখা যায়। ভেদব্যপদেশ অর্থাৎ বিভিন্ন বলিয়া গণনা বা উল্লেখ। যথা—"কথিত তিন্ আশ্রম স্বর্গাদি লোক প্রাপ্ত করায় এবং একটী আশ্রম মোক্ষ প্রাপ্ত করায়।" এই (ব্যপদেশও) ঐরূপ ভিন্ন ফলের কথনও আশ্রমের পার্থক্য বা ভিন্নত্ত পক্ষেই সঙ্গত, একাশ্রম ও আশ্রম ত্রিত্ব এই দুই পক্ষে অসঙ্গত। দেবদত্ত ও যজ্ঞদত্ত নির্ব্বোধ,

দত্ত-যজ্ঞদত্তৌ মন্দপ্রজ্ঞৌ বিষ্ণুমিত্রস্তু মহাপ্রজ্ঞ ইতি। তস্মাৎ পূর্ব্বে ত্রয় আশ্রমিণঃ পুণ্যলোকভাজঃ, পরিশিষ্যমাণঃ পরিব্রাড়মৃতত্বভাক্।

কথং পুনর্ব্রহ্মসংস্থশব্দো যোগাৎ প্রবর্ত্তমানঃ সর্ব্বত্র সম্ভবন্ পরিব্রাজক এবাবতিষ্ঠেত, রূঢ্যভ্যুপগমে বাশ্রমমাত্রাদমৃতত্বপ্রাপ্তের্জ্ঞানানর্থক্যপ্রসঙ্গ ইতি। অত্রোচ্যতে। ব্রহ্মসংস্থ ইতি হি ব্রহ্মণি পরিসমাপ্তিরনন্যব্যাপারতারূপং তন্নিষ্ঠত্বমভিধীয়তে। তচ্চ ত্রয়াণামাশ্রমাণাং ন সম্ভবতি, স্বাশ্রমবিহিতকর্ম্মানুষ্ঠানে প্রত্য-

ব্রহ্মসংস্থত্বাভাবাদ্ভিক্ষোঃ। তেন তস্য ব্রহ্মসংস্থস্য সদা পুণ্যলোকত্বমমৃতত্বঞ্চেতি বিরোধঃ। ত্রিষু চ ব্রহ্মসংস্থপদে যদেতি সম্বন্ধনীয়ম্। ভিক্ষৌ চ সদেতি বৈষম্যম্। তদিদমুক্তম্-পৃথক্ত্বে চ" ইতি।

পূর্ব্বপক্ষাভাসং স্মারয়তি—"কথং পুনর্ব্রহ্মসংস্থশব্দো যোগাৎ" ইতি। তন্নিরাকরোতি—"অত্রোহ্যতে"ইতি। অয়মভিসন্ধিঃ। সত্যং যৌগিকঃ শব্দঃ সতি প্রকৃতসম্ভবে ন তদতিপত্যাঽপ্রকৃতে বর্ত্তিতুমর্হতি। অসতি তু সম্ভবে মা ভূৎ

তদুভয়েব একজন সুবোধ, এ কথা যেমন অসঙ্গত, গৃহী ও বানপ্রস্থী, তন্মধ্যে একজন ব্রহ্মসংস্থ, এ কথা তদপেক্ষাও অসঙ্গত। দেবদত্ত ও যজ্ঞদত্ত নির্ব্বোধ, কিন্তু বিষ্ণুমিত্র সুবোধ, এই কথা এবং গৃহী ও বানপ্রস্থী পুণ্যলোকভাগী এবং ব্রহ্মসংস্থ পরিব্রাজক মোক্ষভাগী, এই কথা সম্যক্ সঙ্গত জানিবে। প্রোক্ত কারণে পূর্ব্ব পূর্ব্ব বিভিন্ন আশ্রমী পুণ্যলোকভাগী এবং অবশিষ্ট পরিব্রাজক মোক্ষভাগী।

[কথং...নিমিত্তঃ] যদি বল, ব্রহ্মসংস্থশব্দের যোগার্থ—ব্রহ্মে সম্যক্ অবস্থিতি, তাহা সকল আশ্রমেই সম্ভবে। আশ্রমীমাত্রেই যখন ব্রহ্মসংস্থ হইতে পারেন, যখন তাহা সকল আশ্রমেই সম্ভবে, তখন তাহাকে কিরূপে মাত্র পরিব্রাজকপর (পরিব্রাজক-বাচক) বলিতে পার? যদি বল ঐ শব্দ পঙ্কজাদি শব্দের ন্যায় পরিব্রাজকে রূঢ়, তাহা বলিলেও অর্থাৎ ব্রহ্মসংস্থ শব্দের চতুর্থাশ্রমবাচিতা স্বীকার করিলেও নিষ্কৃতি নাই। কারণ, যদি আশ্রমমাত্রাবলম্বনে অমৃতত্ব (মোক্ষ) লাভ হয়, তাহা হইলে জ্ঞানের প্রয়োজন কি? সার্থক্য কি? এ কথার প্রত্যুত্তর এই যে, ব্রহ্মসংস্থশব্দের মুখ্যার্থ—ব্রহ্মে সর্ব্বব্যাপারের পরিসমাপ্তি। অনন্যব্যাপার বা অনন্যচিত্ত হইয়া ব্রহ্মচিন্তনে তৎপর হওয়া আর ব্রহ্মসংস্থ হওয়া তুল্যার্থ। তাদৃশ ব্রহ্মনিষ্ঠতা গার্হস্থ্যাদি আশ্রমীর অসম্ভব। অসম্ভব কেন? তাহা বলিতেছি। গৃহস্থাদি আশ্রমী নিজ নিজ আশ্রমবিহিত কর্ম্মের অনুষ্ঠান ত্যাগ করিলে পাপী হওয়ার কথা আছে। পরন্তু পারিব্রাজ্য আশ্রমে সে কথা

বায়শ্রবণাৎ। পরিব্রাজকস্য তু সর্ব্বকর্ম্মসন্ন্যাসাৎ প্রত্যবায়ো ন সম্ভবত্যননুষ্ঠাননিমিত্তঃ। শমদমাদিস্তু তদীয়ো ধর্ম্মো ব্রহ্মসংস্থতায়া উপোদ্বলকো ন বিরোধী। ব্রহ্মনিষ্ঠত্বমেব হি তস্য শমদমাদ্যুপবৃংহিতং স্বাশ্রমবিহিতং কর্ম্ম, যজ্ঞাদি চেতরেষাং, তদ্ব্যতিক্রমে চ তস্য প্রত্যবায়ঃ। তথা চ "ন্যাসো ব্রহ্মা। ব্রহ্মা হি পরঃ, পরো হি ব্রহ্মা", "তানি বা এতান্যবরাণি তপাংসি, ন্যাস এবাত্যরেচয়ৎ", "বেদান্তবিজ্ঞান-সুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ" ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। স্মৃতয়শ্চ "তদ্ বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ"

প্রমাদপাঠ ইত্যপ্রকৃতে বর্ত্তয়িতব্যঃ। দর্শিতশ্চাত্রাসম্ভবোঽধস্তাদিতি। এষ ব্রহ্মসংস্থতালক্ষণো ধর্ম্মো ভিক্ষোরসাধারণঃ, আশ্রমান্তরাণি তৎসংস্থান্যতৎসংস্থানি চ ভিক্ষুস্তৎসংস্থ ইত্যেব, তৎসংস্থতা হি স্বাভাবং ব্যবচ্ছিন্দন্তী বিরোধাৎ যস্তৎসংস্থ এব তত্রাঙ্গসী নান্যত্র। শমদমাদিস্তু তদীয় ইতি স্বাঙ্গমব্যবধায়কমিত্যর্থঃ। ব্রহ্মসংস্থত্বমসাধারণং পরিব্রাজকধর্ম্মং শ্রুতিরাদর্শয়তীত্যাহ—"তথা চ ন্যাসোব্রহ্ম"ইতি। সর্ব্বসঙ্গপরিত্যাগো হি ন্যাসঃ স ব্রহ্ম। কুত ইত্যত আহ—"ব্রহ্মা হি পরঃ"। অতঃ পরো ন্যাসো ব্রহ্মেতি। কিমপেক্ষ্য পরঃ সন্ন্যাস ইত্যত আহ—"তানি বা এতান্যবরাণি তপাংসি, ন্যাস এবাত্যরেচয়ৎ" ইতি। এতদুক্তং ভবতি—ব্রহ্ম-

---

নাই। পরিব্রাজক বিধিবিধানক্রমে সর্ব্বকর্ম্ম সন্ন্যাস (ত্যাগ) করিয়াছেন, সে জন্য পরিব্রাজকের কর্ম্মাকরণজনিত প্রত্যবায় (পাপ) হয় না। [শমদমা...প্রত্যবায়ঃ] পরিব্রাজকের ধর্ম্ম শমদমাদি, তাহা ব্রহ্মসংস্থতার বিরোধী নহে; প্রত্যুত পরিপোষক। শমদমাদির দ্বারা ব্রহ্মনিষ্ঠতার বৃংহণ করাই প্রব্রজ্যাশ্রমের কার্য্য এবং যজ্ঞাদি করা অপরাশ্রমের কার্য্য। কাযেই যজ্ঞাদি কার্য্য না করিলে গৃহস্থাদি আশ্রমীর আশ্রমবিহিত কর্ম্মের ত্যাগজনিত অধর্ম্ম হয়, সন্ন্যাসীর তাহা হয় না, বরং তাহাতে সন্ন্যাসীর স্বাশ্রমবিহিত কর্ত্তব্যই করা হয়। [তথাচ...তরতি] এ কথা শ্রুতিতে আছে, স্মৃতিতেও আছে। শ্রুতি যথা "সন্ন্যাসই ব্রহ্মা (হিরণ্যগর্ভ)। কারণ এই যে, ব্রহ্মাই শ্রেষ্ঠ—সর্ব্বজীবের অভীষ্ট দেবতা। যিনি পর—পরমাত্মা, তিনিই ব্রহ্মা। ফলিতার্থ—সন্ন্যাস পরমাত্মবিজ্ঞানের বা পরমাত্মপ্রাপ্তির হেতু; সুতরাং তাহা ব্রহ্মা বা ব্রহ্ম।" "পূর্ব্বোক্ত সত্যাদি অবর তপস্যা, নিকৃষ্টফললাভের উপায়, সন্ন্যাস সেইসকল অপেক্ষা অতিরিক্ত অর্থাৎ শ্রেষ্ঠ। ব্রহ্মসংস্থতার দ্বারা মুক্তি হয়; সে জন্য তাহা মুক্তির কারণ।" "বিশুদ্ধবুদ্ধি বৈরাগ্যবান্ যতিরা সন্ন্যাসের সাহায্যে বেদান্তবিজ্ঞান (তত্ত্বজ্ঞান) লাভ করিয়া মুক্ত হন।" ইত্যাদি। স্মৃতি যথা—"তদ্‌বুদ্ধি, তদাত্মা, তন্নিষ্ঠ ও তৎপরায়ণ—" ইত্যাদি। উল্লিখিত শ্রুতি ও স্মৃতি ব্রহ্মসংস্থের কর্ম্মত্যাগ দেখাইয়াছেন।

ইত্যাদ্যা ব্রহ্মসংস্থস্য কর্ম্মাভাবং দর্শয়ন্তি। তস্মাৎ পরিব্রাজকস্যাশ্রমমাত্রাদমৃতত্বপ্রাপ্তের্জ্ঞানানর্থক্যপ্রসঙ্গ ইত্যেযোঽপি দোষো নাবতরতি। তদেবং পরামর্শেঽপীতরেষামাশ্রমানাং পারিব্রাজ্যং তাবদ্ ব্রহ্মসংস্থতালক্ষণং লভ্যত এব।

অনপেক্ষ্যৈব জাবালশ্রুতিমাশ্রমান্তরবিধায়িনীময়মাচার্য্যেণ বিচারঃ প্রবর্ত্তিতঃ। বিদ্যত এব ত্বাশ্রমান্তরবিধিশ্রুতিঃ প্রত্যক্ষা "ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ, গৃহী ভূত্বা বনী ভবেৎ, বনী ভূত্বা প্রব্রজেৎ, যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ গৃহাদ্বা বনাদ্বা" ইতি। ন চেয়ং শ্রুতিরনধিকৃতবিষয়া শক্যা বক্তুম্, অবিশেষশ্রবণাৎ, পৃথগ্‌বিধানাচ্চানধিকৃতানাম্, "অথ পুনরেব ব্রতী বাঽব্রতী বা স্নাতকো বাঽস্নাতকো বোৎসন্নাগ্নিরনগ্নিকো বা" ইত্যা-

---

পরতয়া সর্ব্বৈষণাপরিত্যাগলক্ষণো ন্যাসো ব্রহ্মেতি। তথা চেদৃশং ন্যাসলক্ষণং ব্রহ্মসংস্থত্বং ভিক্ষোরেবাসাধারণং নেতরেষামাশ্রমিণাম্।

অতএব, পবিব্রাজক, প্রব্রজ্যাশ্রম গ্রহণমাত্রে মোক্ষভাগী হইলে জ্ঞানের সার্থক্য থাকে না, এ আপত্তি অবতারিত হইতেই পারে না [তদেবং... ইতি] এ পর্য্যন্ত যেরূপ শাস্ত্র ও যুক্তি আহবণপূর্ব্ব প্রদর্শিত হইল, তৎসমুদায়ে ইহাই প্রাপ্ত হওয়া যায় যে, "ধর্ম্মস্কন্ধ তিন্—" ইত্যাদি বাক্যে অন্যান্য আশ্রমেব পরামর্শ অর্থাৎ অনুবাদ হইলেও তদ্বাক্যে ব্রহ্মসংস্থতালক্ষণ প্রব্রজ্যার প্রাপ্তি আছেই।

প্রব্রজ্যাশ্রমবিধায়িনী জাবালশ্রুতির প্রতীক্ষা না করিয়াই আচার্য্য বেদব্যাসএই বিচার প্রবর্ত্তিত করিয়াছেন। অর্থাৎ প্রব্রজ্যাশ্রমের বিচারলভ্যার্থ প্রদর্শন করিয়াছেন। ফল, সাক্ষাৎসম্বন্ধে সন্ন্যাসবিধায়িনী শ্রুতিও আছে। সন্ন্যাসবিধায়িনী সাক্ষাৎশ্রুতি এই "ব্রহ্মচর্য্য সমাপ্ত করিয়া গৃহস্থ হইবেক। গার্হস্থ্যান্তে বানপ্রস্থী হইবেক, বানপ্রস্থের পর প্রব্রজ্যা (সন্ন্যাস) করিবেক। যদি ব্রহ্মচর্য্যকালেই বৈরাগ্য জন্মে, তবে ব্রহ্মচর্য্যের পরেই প্রব্রজ্যা করিবেক। অথবা গার্হস্থ্য হইতে, কিংবা বানপ্রস্থ হইতে প্রব্রজিত হইবেক।" [ন চেয়ং...স্বাস্থ্যমিতি] এমন কথা বলিতে পারিবে না যে, এই শ্রুতি স্বাশ্রমবিহিত কর্ম্মে অক্ষম অন্ধ পঙ্গু প্রভৃতিকে সন্ন্যাস করিতে বলিতেছে। কারণ, উক্ত শ্রুতিতে সেরূপ কোন বিশেষ উক্তি নাই। অন্য শ্রুতিতেও সন্ন্যাসের পৃথক্ বিধান দেখা যায়, সে জন্যও উদাহৃত শ্রুতি কেবল কর্ম্মাক্ষমবিষয়িণী নহে। তদ্‌যথা—"ব্রতাচারী হউক, অব্রতাচারী হউক, স্নাতক

দিনা, ব্রহ্মজ্ঞানপরিপাকাঙ্গত্বাচ্চ পারিব্রাজ্যস্য নানধিকৃতবিষয়ত্বম্। তচ্চ দর্শয়তি "অথ পরিব্রাড্ বিবর্ণবাসা মুণ্ডোঽপরিগ্রহঃ শুচিরদ্রোহী ভৈক্ষাণো ব্রহ্মভূয়ায় ভবতি" ইতি। তস্মাৎ সিদ্ধা ঊর্দ্ধরেতস আশ্রমাঃ, সিদ্ধশ্চোর্দ্ধরেতঃসু বিধানাদ্বিদ্যায়াঃ স্বাতন্ত্র্যমিতি ॥ ৩। ৪। ২০ ॥

স্তুতিমাত্রমুপাদানাদিতি চেন্নাপূর্ব্বত্বাৎ ॥ ৩। ৪। ২১ ॥*

"স এষ রসানাং রসতমঃ পরমঃ পরার্দ্ধ্যোঽষ্টমো যদুদ্গীথঃ।" "ইয়মেবর্গগ্নিঃ সাম।" "অয়ং বাব লোক এষোঽগ্নিশ্চিতঃ।"

ব্রহ্মজ্ঞানস্য শব্দজনিতস্য যঃ পরিপাকঃ সাক্ষাৎকারোঽপবর্গসাধনং, তদঙ্গতয়া পারিব্রাজ্যং বিহিতং ন ত্বনধিকৃতং প্রতীত্যর্থঃ ॥ ৩। ৪। ২০ ॥

যদ্যত্র সন্নিধান উপাসনাবিধির্নাস্তি, ততঃ প্রদেশান্তরস্থিতোঽপি বিধির

হউক, বা অস্নাতক হউক, মৃতভার্য্য হউক বা অবিবাহিত হউক, প্রব্রজ্যা করিবেক।" এই শ্রুতি ও অন্য শ্রুতি স্পষ্টাভিধানে বলিতেছেন যে, পারিব্রাজ্য ব্রহ্মজ্ঞান পরিপাকের অসাধারণ উপায়; সে জন্য তাহা ব্রহ্মনিষ্ঠদিগের জন্য বিহিত; পঙ্গু অন্ধাদি কর্ম্মাক্ষমদিগের জন্য নহে। পারিব্রাজ্য যে, ব্রহ্মজ্ঞানের অঙ্গ, শ্রুতি তাহা স্পষ্টাক্ষরে বলিয়াছেন। যথা—"অনন্তর জ্ঞানী প্রব্রজ্যাগ্রহণ, বিবর্ণ বস্ত্র পরিধান, মস্তকমুণ্ডন, বিত্তাদিস্পৃহা পরিত্যাগ, শুদ্ধভাবে থাকা, পরাপকার বর্জ্জন ও ভিক্ষান্ন ভোজন করায় ব্রহ্মসাক্ষাৎকারে সমর্থ হয়। অতএব, ঊর্দ্ধরেতার আশ্রম শাস্ত্রসিদ্ধ এবং জ্ঞানও তদাশ্রমবিহিত বলিয়া স্বতন্ত্র অর্থাৎ কর্ম্মাঙ্গ নহে ॥৩।৪।২০॥

"এই অষ্টম রস উদ্গীথ,† ইহা পূর্ব্বোক্ত রস অপেক্ষা শ্রেষ্ঠ, পরমাত্মার প্রতীক বলিয়া পরম, পরার্দ্ধ্য অর্থাৎ পরমাত্মার ন্যায় উপাস্য।" "ইহাই

* উপাদানাৎ উদ্গীথাদীনি কর্ম্মাঙ্গান্যুপাদায় শ্রবণাৎ "স এষ রসানাং রসতমঃ—" ইত্যাদিবাক্যং স্তুতিমাত্রং স্তুতিরেব ন বিধিরিতি ন মন্তব্যম্। কুতঃ? অপূর্ব্বত্বাৎ পূর্ব্বাপ্রাপ্তত্বাৎ, পূর্ব্বত্র বিধ্যভাবাদিত্যর্থঃ। বিধিং বিনা স্তুতির্ন সম্ভবতীতি দ্রষ্টব্যম্।

"এই যে উদ্গীথ—যাহা অষ্টম রস—" ইত্যাদি বাক্য যে কেবল উদ্গীথের (প্রণবের) স্তুতি বাক্য মাত্র, তাহা নহে। উহাতে উদ্গীথ-উপাসনার বিধান ও হইয়াছে। পূর্ব্বে বিধি থাকিলে উহা তাহার স্তাবক হইতে পারিত; তাহা না থাকায় আনর্থক্য পরিহারের নিমিত্ত ঐ সকল বাক্যে উপাসনাবিধি স্বীকৃত হয়।

† "এই সকল ভূতের রস অর্থাৎ সার পৃথিবী। পৃথিবীর সার জল, জলের সার ওষধি, ওষধির সার মানুষ, মানুষের সার বাক্য, বাক্যের সার ঋক্, ঋকের সার সাম, সামের সার উদ্গীথ, যাহা উদ্গীথ তাহাই প্রণব। এইরূপে উদ্গীথ পৃথিবী অপেক্ষা অষ্টম।

"তদিদমেবোক্‌থমিয়মেব পৃথিবী" [ছা০ উ০] ইত্যেবঞ্জাতীয়কাঃ শ্রুতয়ঃ কিমুদ্গীথাদিস্তুত্যর্থাঃ ? আহোস্বিদুপাসনবিধ্যর্থাঃ ? ইত্যস্মিন্ সংশয়ে স্তুত্যর্থা ইতি যুক্তম্। উদ্গীথাদীনি কর্ম্মাঙ্গান্যুপাদায় শ্রবণাৎ। যথা "ইয়মেব পৃথিবী জুহূরাদিত্যঃ কূর্ম্মঃ স্বর্লোক আহবনীয়ঃ" ইত্যাদ্যা জুহ্বাদিস্তুত্যর্থাস্তদ্বদিতি চেৎ, নেত্যাহ—ন স্তুতিমাত্রমাসাং শ্রুতীনাং প্রয়োজনং যুক্তম্, অপূর্ব্বত্বাৎ। বিধ্যর্থতায়াং হ্যপূর্ব্বার্থো বিহিতো ভবতি, স্তুত্যর্থতায়াং ত্বানর্থক্যমেব স্যাৎ।

ব্যভিচরিত-তদ্বিধিসম্বন্ধেনোদ্গীথেনোপস্থাপিতঃ "স এষ রসানাং রসতমঃ" ইত্যাদিনা পদসন্দর্ভেণৈকবাক্যভাবমুপগতঃ স্তূয়তে। ন হি সমভিব্যাহৃতৈরেবৈকবাক্যতা ভবতীতি কশ্চিন্নিয়মহেতুরস্তি। অনুষঙ্গাতিদেশলব্ধৈরপি বিধ্যসমভিব্যাহৃতৈরর্থবাদৈরেকবাক্যতাভ্যুপগমাৎ। যদি তূদ্গীথমুপাসীত সামোপাসীতেত্যাদিবিধিসমভিব্যাহারঃ শ্রুতঃ, তথাপি তস্যৈব বিধেঃ স্তুতিঃ, ন তূপাসনবিষয়সমর্পণপরঃ, ওমিত্যেতদক্ষরমুদ্গীথমিত্যনেনৈবোপাসনাবিষয়সমর্পণাৎ—ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

ঋক্ ও অগ্নি, সাম ও এতল্লোক, উক্‌থ ও চিত অগ্নি (যজ্ঞার্থে আহৃত অগ্নি), এবং ইহাই পৃথিবী।" এই সকল শ্রুতি ও এতদ্বিধ অন্যান্য শ্রুতি কি উদ্গীথ (প্রণব) প্রভৃতি যজ্ঞাঙ্গের স্তুতির নিমিত্ত প্রবর্ত্তিত? কি উপাসনা বিধানার্থ অভিহিত ? এইরূপ সংশয় হওয়াতে প্রথমতই পাওয়া যায়, স্তুতির নিমিত্তই প্রবর্ত্তিত। এ বিষয়ে যুক্তি বা কারণ এই যে, ঐ সকল উদ্গীথ অর্থাৎ প্রণব প্রভৃতি কর্ম্মাঙ্গ-উল্লেখে কথিত হইয়াছে। যেমন যজ্ঞবিদ্যামধ্যে জুহূর (আহুতি দিবার পাত্রের) স্তুতির জন্য "ইহাই পৃথিবী—" ইত্যাদি শ্রুতি অভিহিত, সেইরূপ এখানেও উদ্গীথাদির স্তুতির নিমিত্ত "স এষ রসানাং 'রসতমঃ—" ইত্যাদি শ্রুতি প্রবর্ত্তিত। সংশয়ের প্রথম কোটীতে অর্থাৎ পূর্ব্বপক্ষে এইরূপই পাওয়া যায়; পরন্তু ইহার সিদ্ধান্ত অন্যরূপ। সিদ্ধান্তবাদী বলিবেন, তাহা নহে। [ন...শ্রুতয়ঃ] স্তুতি করাই ঐ শ্রুতির প্রয়োজন, এরূপ বলা সঙ্গত নহে। কারণ, ঐ সকল বিষয় অপূর্ব্ব অর্থাৎ পূর্ব্বাপ্রাপ্ত। পূর্ব্বে আর কোথাও ঐ সকল বলা হয় নাই—উপদিষ্ট হয় নাই। ঐ সকল বাক্য বিধানের নিমিত্ত উচ্চারিত, ইহা স্বীকার করিলে পূর্ব্বাপরিজ্ঞাত প্রণবাদি উপাসনার বিধান সিদ্ধ হইতে পারে। স্তুতির নিমিত্ত উচ্চারিত বলিলে ঐ সকলের কোনও সার্থক্য থাকে না।

বিধায়কস্য হি শব্দস্য বাক্যশেষভাবং প্রতিপদ্যমানা স্তুতিরুপযুজ্যত ইত্যুক্তম্ "বিধিনা ত্বেকবাক্যত্বাৎ স্তুত্যর্থেন বিধীনাং স্যুঃ" [মীমাংসা] ইত্যত্র। প্রদেশান্তরবিহিতানাং তূদ্গীথাদীনামিয়ং প্রদেশান্তরপঠিতা স্তুতির্ব্বাক্যশেষভাবমপ্রতিপদ্যমানানর্থিকৈব স্যাৎ। "ইয়মেব জুহূঃ"ইত্যাদি তু বিধিসন্নিধাবেবাম্নাতমিতি বৈষম্যম্। তস্মাদ্বিধ্যর্থা এবঞ্জাতীয়কাঃ শ্রুতয়ঃ ॥ ৩। ৪। ২১ ॥

ভাবশব্দাচ্চ ॥ ৩। ৪। ২২ ॥*

"উদ্গীথমুপাসীত সামোপাসীতাহমুক্থমস্মীতি বিদ্যাৎ"

ন তাবদ্দূরস্থেন কর্ম্মবিধিবাক্যেনৈকবাক্যতাসম্ভবঃ। প্রতীতসমভিব্যাহৃতীনাং বিধিনৈকবাক্যতয়া স্তুত্যর্থত্বমর্থবাদানাং রক্তপটন্যায়েন ভবতি। ন তু স্তুত্যা বিনা কাচিদনুপপত্তির্ব্বিধেঃ। যথাহুঃ—অস্তি তু তদিত্যতিরেকে পরিহার ইতি। অত এব বিধেরপেক্ষাভাবাৎ প্রবর্ত্তনাত্মকস্যানুষঙ্গাতিদেশাদিভিরর্থবাদপ্রাপ্ত্যভিধানমসমঞ্জসম্। ন হি কত্রপেক্ষিতোপায়তায়ামবগতায়াং প্রাশস্ত্যপ্রত্যয়স্যাস্তি কশ্চিদুপযোগঃ। তস্মাদ্দূরস্থস্য কর্ম্মবিধেঃ স্তুতাবানর্থক্যম্, তেনৈকবাক্যতানুপপত্তেঃ, সন্নিহিতস্য তূপাসনাবিধেঃ কিং বিষয়সমর্পণেনোপযুজ্যতামুত স্তুত্যেতি বিশয়ে বিষয়সমর্পণেন যথার্থবত্ত্বং, নৈবং স্তুত্যা, বহিরঙ্গত্বাৎ। অগত্যা হি সা। তস্মাদুপাসনার্থা ইতি সিদ্ধম্।

পূর্ব্ববাক্যে যদি বিধায়ক শব্দ থাকে, তবেই পরবাক্য তাহার পোষক বা স্তাবক হইতে পারে। এ তথ্য পূর্ব্বমীমাংসার "বিধিব সহিত ঐক্য বা একবাক্য হইয়া যায় বলিয়া সে সকলের বিধিপ্রশংসার্থতা সিদ্ধ হয়" এই সূত্রে প্রদর্শিত আছে। উদ্গীথ এক প্রদেশে বিহিত, অন্য প্রদেশে তাহার প্রশংসা, ইহা সঙ্গত হয় না। তাহাতে সে স্তুতির সাফল্য থাকে না। কি সাফল্য দেখাইবে? দেখাইতে পারিবে না "এই জুহূ পৃথিবী—" ইত্যাদি বাক্য বিধিসন্নিধানে পঠিত, সুতরাং তাহা জুহূর স্তাবক হওয়া সঙ্গত। অতএব, জুহূস্তাবক বাক্য রসতমাদি বাক্যের সহিত সমান নহে, প্রত্যুত অসমান। অর্থাৎ উহা উপযুক্ত দৃষ্টান্ত নহে। অতএব, ঐ সকল শ্রুতি বিধির উদ্দেশেই প্রবর্ত্তিত অর্থাৎ উপাসনার বিধানই ঐ সকলের প্রয়োজন বা উদ্দেশ্য। (বিধিবিভক্তি নাই সত্য; পরন্তু ফল দেখিয়া তাহার কল্পনা কর।) ৩। ৪। ২১ ॥

"উদ্গীথং উপাসীত—উদ্গীথ উপাসনা করিবেক" "সাম উপাসীত—সাম

---

* উপাসীতেত্যাদৌ ভাবনাসামান্যবাচিশব্দশ্রবণাদিত্যর্থঃ।

"উপাসীত—উপাসনা করিবেক" এইরূপ এইরূপ বিস্পষ্ট বিধিশব্দ শ্রুত আছে, সে জন্য উদ্গীথাদি শ্রুতি নিশ্চিত উপাসনা বিধানের জন্য উচ্চারিত, উদ্গীথস্তুতির জন্য নহে।

[ছা° উ°] ইত্যাদয়শ্চ বিস্পষ্টা বিধিশব্দাঃ শ্রূয়ন্তে, তে চ স্তুতিমাত্রপ্রয়োজনতায়াং ব্যাহন্যেরন্। তথা চ ন্যায়বিদাং স্মরণং—

"কুর্য্যাৎ ক্রিয়েত কর্ত্তব্যং ভবেৎ স্যাদিতি পঞ্চমম্।
এতৎ স্যাৎ সর্ব্ববেদেষু নিয়তং বিধিলক্ষণম্॥" ইতি।

লিঙাদ্যর্থো বিধিরিতি মন্যমানাস্ত এবং স্মরন্তি। প্রতিপ্রকরণঞ্চ ফলানি শ্রাব্যন্তে "আপয়িতা হ বৈ কামানাং ভবতি। এষ হ্যেব কামাগানস্যেষ্টে। কল্পন্তে হাস্মৈ লোকা উর্দ্ধাশ্চাবৃত্তাশ্চ" ইত্যেবমাদীনি। তস্মাদপ্যুপাসনবিধানার্থা উদ্গীথাদিশ্রুতয়ঃ॥ ৩। ৪। ২২॥

"কুর্য্যাৎ ক্রিয়েত কর্ত্তব্যং ভবেৎ স্যাদিতি পঞ্চমম্।
এতৎ স্যাৎ সর্ব্ববেদেষু নিয়তং বিধিলক্ষণম্॥"

ভাবনায়াঃ খলু কর্ত্তৃসমীহিতানুকূলত্বং বিধিঃ, নিষেধশ্চ কর্ত্তুরহিতানুকূলত্বম্। যথাহুঃ—"কর্ত্তব্যশ্চ সুখফলোঽকর্ত্তব্যো দুঃখফলঃ" ইতি। এতচ্চাস্মাভিরুপপাদিতং ন্যায়কণিকায়াম্। ক্রিয়া চ ভাবনা, তদ্বচনাশ্চ করোত্যাদয়ঃ, যথাহুঃ—"কৃভ্বস্তয়ঃ ক্রিয়াসামান্যবচনাঃ" ইতি। অতএব কৃভ্বস্তীনুদাহৃতবান্, সামান্যোক্তৌ তদ্বিশেষাঃ পচেদিত্যাদয়োঽপি গম্যন্ত ইতি। তত্র কুর্য্যাদিত্যাক্ষিপ্তকর্ত্তৃকা ভাবনা। ক্রিয়েতেতি আক্ষিপ্তকর্ম্মিকা ভাবনা। কর্ত্তব্যমিতি তু কর্ম্মভূতদ্রব্যোপসর্জ্জনভাবনা। এবং দণ্ডী ভবেদ্দণ্ডিনা ভবিতব্যং দণ্ডিনা ভূয়েতেত্যেকধাত্বর্থবিষয়া বিধ্যুপহিতা ভাবনা উদাহার্য্যাঃ। ভবতিশ্চৈব জন্মনি। যথা কুলালব্যাপারাদ্ঘটো ভবতি, বীজাদঙ্কুরোভবতীতি প্রযুঞ্জতে। ন চ বীজাদঙ্কুরোঽস্তীতি প্রযুঞ্জতে। তস্মাদস্তিঃ সত্তায়াং ন জন্মনীতি॥৩৪।২১-২২॥

উপাসনা করিবেক" "অহং উকৃথঃ অস্মি—আমি হইতেছি উকৃথ, এইরূপ ভাবিবেক" ইত্যাদি স্থলে বিধিশব্দের স্পষ্ট শ্রবণও আছে। স্তুতিপক্ষ স্বীকার করিতে গেলে সে সকলের ব্যাঘাত হইবে। ন্যায়জ্ঞগণ—যাঁহারা লিঙাদি বোধ্য অর্থের বিধি আখ্যা প্রদান করিয়াছেন, তাঁহারা বলিয়াছেন যে, বেদমাত্রেই এইরূপ লক্ষণান্বিত পদ বিধি। যথা—কুর্য্যাৎ—করিবেক. ক্রিয়েত—কৃত .হইবেক, কর্ত্তব্য—করিতে হইবেক, ভবেৎ—জন্মিবেক, স্যাৎ—হইবেক। অপিচ প্রত্যেক প্রকরণে ভিন্ন ভিন্ন ফল শ্রবণ আছে, তাহাতেও বিধান অনুমিত হয়। "সে বা তাহা কাম্য সমূহের প্রাপক হয়।" "ইহা কামনাকারীর কামনা পূরণ করে।" "এই উপাসকের উর্দ্ধ ও আবৃত্ত লোক লাভ হয়।" ইত্যাদি। অতএব, উদ্গীথাদি শ্রুতি উপাসনা বিধান করিতে প্রবৃত্ত, উদ্গীথের প্রশংসা করিতে প্রবৃত্ত নহে। ৩। ৪। ২২॥

পারিপ্লবার্থা ইতি চেন্ন বিশে-ষিতত্বাৎ ॥ ৩।৪।২৩ ॥*

"অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে বভূবতুর্মৈত্রেয়ী চ কাত্যায়নী চ", "প্রতর্দ্দনো হ বৈ দৈবোদাসিরিন্দ্রস্য প্রিয়ং ধামোপজগাম", "জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস" ইত্যেবমাদিষু বেদান্তপঠিতেষ্বাখ্যানেষু সংশয়ঃ—কিমিমানি পারিপ্লবপ্রয়োগার্থানি, অহোস্বিৎ সন্নিহিতবিদ্যাপ্রতিপত্ত্যর্থানীতি। পারিপ্লবার্থা ইমা আখ্যানশ্রুতয়ঃ, আখ্যা-

যদ্যপি উপনিষদাখ্যানানি বিদ্যাসন্নিধৌ শ্রুতানি, তথাপি "সর্ব্বাণ্যাখ্যানানি পারিপ্লব" ইতি সর্ব্বশ্রুত্যা নিঃশেষার্থতয়া দুর্ব্বলস্য সন্নিধের্ব্বাধিতত্বাৎ পারিপ্লবার্থান্যেবাখ্যানানি। ন চ সর্ব্বা দাশতয়ীরনুব্রূয়াৎ ইতি বিনিয়োগেঽপি দাশতয়ীনাং প্রাতিস্বিকবিনিয়োগাত্তত্র তত্র কর্ম্মণি যথা বিনিয়োগো ন বিরুধ্যতে, তথেহাপি সত্যপি পারিপ্লবে বিনিয়োগঃ সন্নিধানাদ্বিদ্যাঙ্গত্বমপি ভবিষ্যতীতি

বেদান্তমধ্যে কতকগুলি আখ্যায়িকা আছে। যথা—"যাজ্ঞবল্ক্য ঋষির মৈত্রেয়ী ও কাত্যায়নী নামে দুই পত্নী ছিল।" "দিবোদাসের পুত্র প্রতর্দ্দন ইন্দ্রের প্রিয়তম ধামে (বৈজয়ন্ত পুরে) গমন করিয়াছিলেন।" "পৌত্রায়ণ জানশ্রুতি নামে এক রাজা ছিলেন, তিনি শ্রদ্ধাপূর্ব্বক দান করিতেন, বহু দান করিতেন, এবং তাঁহার গৃহে বহু অন্ন পাচিত হইত অর্থাৎ তিনি বহু লোককে ভোজন করাইতেন।" ইত্যাদি। বেদান্তপঠিত এই সকল আখ্যায়িকা সম্বন্ধে সংশয় এই যে, ঐ সকল আখ্যায়িকা কি পারিপ্লব-প্রয়োগার্থ* ? কিংবা সেই সকলের সন্নিধানে যে সকল উপাসনার উপদেশ আছে, সে সকলের বোধসৌকর্য্যার্থ ? (সুখবোধার্থ ?)। সংশয়ের পর পূর্ব্বপক্ষ। তাহাতে পাওয়া যায়, ঐ সকল আখ্যায়িকা-শ্রুতি পারিপ্লবের নিমিত্ত অভিহিত। কারণ, পারিপ্লবে আখ্যান-

* বেদান্তপঠিতাখ্যায়িকা পারিপ্লবার্থা ন। কুতঃ? বিশেষিতত্বাৎ। যানি পারিপ্লবার্থানি তানি ন সামান্যেনাভিহিতানি, কিন্তু বিশেষেণ। স বিশেষো বেদান্তপঠিতাখ্যানেষু নাস্তি। ততশ্চ তানি ন পারিপ্লবার্থানি।

বেদান্ত মধ্যে যে সকল আখ্যায়িকা আছে, সে সকল পারিপ্লব-প্রয়োজনে অভিহিত, এরূপ অবধারণ করিতে পার না। কারণ, পারিপ্লবাখ্যান এ সকল আখ্যান হইতে বিশিষ্ট। অর্থাৎ পারিপ্লবে যে যে উপাখ্যান পাঠ করিতে হয়, সে সকল নামনির্দ্দেশপূর্ব্বক সেই সেই স্থলে কথিত হইয়াছে।

* পারিপ্লব—অশ্বমেধ যজ্ঞের একটি অঙ্গ। অশ্বমেধ আরব্ধ হইলে পর কএক দিন ধরিয়া স্তোত্রগান ও আখ্যায়িকা পাঠ হইতে থাকে, এবং অন্যান্য অনুষ্ঠানও হয়। লিখিত আছে, পারিপ্লবের প্রথম দিনে বৈবস্বত মনুর উপাখ্যান, দ্বিতীয় দিবসে বৈবস্বত যমের উপাখ্যান, তৃতীয় দিবসে বরুণের ও সূর্য্যের উপাখ্যান শুনিতে ও পড়িতে হয়। পুরোহিতেরা ঐ সকল উপাখ্যান পড়েন, যজ্ঞদীক্ষিত রাজা তাহা পুত্রামাত্যপরিবৃত হইয়া শ্রবণ করেন।

নসামান্যাৎ, অথ্যানপ্রয়োগস্য চ পারিপ্লবে চোদিতত্বাৎ। ততশ্চ বিদ্যাপ্রধানত্বং বেদান্তানাং ন স্যাৎ, মন্ত্রবৎ প্রয়োগশেষত্বাদিতি চেৎ, ন, কস্মাৎ? বিশেষিতত্বাৎ। তথা হি "পারিপ্লবমাচক্ষীত" ইতি হি প্রকৃত্য "মনুর্বৈবস্বতো রাজা" ইত্যেবমাদীনি কানিচিদেবাখ্যানানি তত্র বিশেষ্যন্তে। আখ্যানসামান্যাৎ চেৎ সর্ব্বগৃহীতিঃ স্যাৎ, অনর্থকমেবেদং বিশেষণং ভবেৎ। তস্মান্ন পারিপ্লবার্থা এতা আখ্যানশ্রুতয়ঃ ॥ ৩।৪।২৩॥

বাচ্যম্। দাশতয়ীষু প্রাতিস্বিকানাং বিনিয়োগানাং সমুদায়বিনিয়োগস্য চ তুল্যবলত্বাৎ, ইহ তু সন্নিধানাৎ শ্রুতের্ব্বলীয়স্ত্বাৎ। তস্মাৎ পারিপ্লবার্থান্যেবাখ্যানানীতি প্রাপ্ত উচ্যতে। নৈষামাখ্যানানাং পারিপ্লবে বিনিয়োগঃ, কিন্তু পারিপ্লবমাচক্ষীতেত্যুপক্রম্য যান্যাম্নাতানি—মনুর্বৈবস্বতো রাজেত্যাদীনি, তেষামেব তত্র বিনিয়োগঃ। তান্যেব হি পারিপ্লবেন বিশেষিতানি। ইতরথা পারিপ্লবে সর্ব্বাণ্যাখ্যানানীত্যেতাবতৈব গতত্বাৎ পারিপ্লবমাচক্ষীতেত্যনর্থকং স্যাৎ। আখ্যানবিশেষকত্বে ত্বর্থবৎ। তস্মাদ্বিশেষণানুরোধাৎ সর্ব্বশব্দস্তদপেক্ষঃ, ন ত্বশেষবচনঃ। যথা সর্ব্বে ব্রাহ্মণা ভোজয়িতব্যা ইত্যত্র নিমন্ত্রিতাপেক্ষঃ সর্ব্বশব্দঃ ॥ ৩। ৪। ২৩॥

পাঠ করিবার বিধান দৃষ্ট হয়, এবং উদাহৃত বাক্যসন্দর্ভও আখ্যান। পূর্ব্বপক্ষের ফল এই যে, বেদান্তশাস্ত্র বিদ্যাপ্রধান নহে; পরন্তু কর্ম্মপ্রধান। মন্ত্র যেমন কর্ম্মানুষ্ঠানের অঙ্গ, তেমনি, বেদান্তপঠিত আখ্যানগুলিও কর্ম্মাঙ্গ। (অশ্বমেধ যজ্ঞের অঙ্গ)। এই পূর্ব্বপক্ষের উত্তরপক্ষে বলা যায়, বেদান্তপঠিত আখ্যান কর্ম্মাঙ্গ নহে (পারিপ্লবার্থ নহে)। কারণ এই যে, পারিপ্লব-পাঠ্য আখ্যানের বৈশেষ্য আছে। অর্থাৎ যাহা পারিপ্লবে পাঠ করিতে হইবে, তাহা সে স্থলে নামোল্লেখে কথিত আছে। [তথা হি...শ্রুতয়ঃ] শ্রুতি প্রথমতঃ সামান্যাকারে "পারিপ্লবমাচক্ষীত—ঋত্বিক্‌গণ যজ্ঞদীক্ষিত রাজাকে পারিপ্লব অর্থাৎ আখ্যান শুনাইবেন" এইরূপ বলিয়াছিলেন সত্য; কিন্তু তাঁহারাই বলিয়াছেন, প্রথম দিনে "রাজা বৈবস্বত মনু—" এই উপাখ্যান, দ্বিতীয় দিনে "যম বৈবস্বত—" এই উপাখ্যান এবং তৃতীয় দিনে "বরুণ ও আদিত্য"—ইত্যাদি উপাখ্যান বলিবেন ও শুনিবেন। এখন বিবেচনা কর, প্রথমে সামান্যাকারে বলিয়া পশ্চাৎ বিশেষ করিয়া বলায় তদতিরিক্ত আখ্যানের নিষেধ হইতেছে কি-না। এও আখ্যান, সেও আখ্যান, এই ভাবে যদি আখ্যান-সামান্যের গ্রহণ কর, তাহা হইলে আখ্যানের ঐ সকল বিশেষণ ব্যর্থ হইবে। প্রথম দিনে "রাজা বৈবস্বত মনুর আখ্যান" এরূপ বিশেষ করিয়া বলিবার প্রয়োজন কি? অতএব, উক্ত বিশেষণের সামর্থ্যে স্থির হইতেছে যে, বেদান্তকথিত আখ্যায়িকা-শ্রুতি পারিপ্লবের অঙ্গ নহে। ৩। ৪। ২৩॥

তথাচৈকবাক্যতোপবন্ধাৎ ॥ ৩ । ৪ । ২৪ ॥*

অসতি চ পারিপ্লবার্থত্বে আখ্যানানাং সন্নিহিতবিদ্যাপ্রতিপাদনোপযোগিতৈব ন্যায্যা, একবাক্যতোপবন্ধনাৎ। তথা হি তত্র তত্র সন্নিহিতাভির্ব্বিদ্যাভিরেকবাক্যতা দৃশ্যতে, প্ররোচনোপযোগাৎ প্রতিপত্তিসৌকর্য্যোপযোগাচ্চ। মৈত্রেয়ীব্রাহ্মণে তাবৎ "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ" ইত্যাদ্যয়া বিদ্যয়ৈকবাক্যতা দৃশ্যতে। প্রাতর্দ্দনেঽপি "প্রাণোঽস্মি প্রজ্ঞাত্মা" ইত্যাদ্যয়া, "জানশ্রুতিঃ" ইত্যত্রাপি "বায়ুর্ব্বাব সম্বর্গঃ" ইত্যাদ্যয়া। যথা চ "স আত্মনো বপামুদখিদৎ" ইত্যেবমাদীনাং কর্ম্মশ্রুতিগতা-

---

তথা চোপনিষদাখ্যানানাং বিদ্যাসন্নিধিরপ্রতিদ্বন্দ্বী বিধ্যেকবাক্যতা সোঽরোদীদিত্যাদীনামিব বিধ্যেকবাক্যত্বং গময়তীতি সিদ্ধম্। প্রতিপত্তি-

---

বেদান্তপঠিত আখ্যায়িকা পারিপ্লবে প্রযোজ্য নহে, অর্থাৎ পারিপ্লব-পাঠ্য নহে, ইহা স্থির হওয়ায় অবশ্যই সে সকলকে নিকটোক্ত জ্ঞানাদির উপকারক বলিয়া স্বীকার করা ধার্য্য হইবে। আখ্যায়িকাস্থ সমুদায় বাক্য উপক্রমাদির সহিত মিলিত করিয়া অর্থাৎ একবাক্য করিয়া একই অর্থ গ্রহণ করা ন্যায্য। সেই সেই আখ্যায়িকার নিকটে যে যে বিদ্যা অভিহিত আছে, সেই সেই বিদ্যার সহিত সেই সেই আখ্যায়িকার একবাক্যতা দেখাও যায়। প্রত্যেক আখ্যায়িকায় প্ররোচনার ও বোধসৌকর্য্যের উপযোগ আছে। (আখ্যায়িকার দ্বারা শ্রোতার জ্ঞানবিষয়ে রুচি হইতে পারে, এবং জ্ঞেয় তত্ত্ব সহজে বুঝা যাইতে পারে)। [মৈত্রেয়ী...প্লবার্থত্বম্] মৈত্রেয়ী ব্রাহ্মণে যে, যাজ্ঞবল্ক্যের আখ্যায়িকা অভিহিত আছে, তাহার সহিত "আত্মাই দ্রষ্টব্য" ইত্যাদি জ্ঞানোপদেশের একবাক্যতা দেখা যায়। ইন্দ্র ও প্রতর্দ্দনের আখ্যায়িকার সহিত "আমিই প্রাণ ও প্রজ্ঞাত্মা" ইত্যাদি জ্ঞানের বা উপাসনার একবাক্যতা দেখা যায়। পৌত্রায়ণ জানশ্রুতির আখ্যানও "বায়ুই সম্বর্গ" ইত্যাদিবিধ সম্বর্গ উপাসনার সহিত একবাক্যতাপ্রাপ্ত হয়। যেমন পূর্ব্বমীমাংসায় "তিনি হোমের নিমিত্ত আপনার বপা (বুকমাংস) উদ্ধৃত করিয়াছিলেন" ইত্যাদিবিধ কর্ম্মকাণ্ডীয় উপাখ্যান-শ্রুতির নিকটস্থ বিধির স্তাবকতা অর্থ স্বীকৃত আছে, তেমনি, এখানেও—এই উত্তরমীমাংসাতেও, আখ্যান-

---

* একবাক্যতাপ্রযোজকনিমিত্তপরম্পরাণাং সম্বন্ধদর্শনাদিত্যর্থঃ। আখ্যায়িকা হি বিদ্যাস্বামনুরাগং জনয়তি সুখেন চ বোধমুৎপাদয়তীতি ভাবঃ।

সেই সেই আখ্যান নিকটাভিহিত বিদ্যার সহিত মিলিত হইয়া একার্থবোধক হয়, এই কথা বলাই ন্যায্য। কারণ, সেই সেই আখ্যানে বিদ্যাপ্রতিপাদনের উপযোগিতা বা সামর্থ্য থাকা দৃষ্ট হয়। আখ্যায়িকার দ্বারা উপাসনায় রুচি জন্মিতে পারে এবং তাহা সহজে হৃদয়াম্যও হইতে পারে।

নাম্নাখ্যানানাং সন্নিহিতবিধিস্তুত্যর্থতা, তদ্বৎ। তস্মান্ন পারিপ্লবার্থত্বম্ ॥ ৩। ৪। ২৪ ॥

অত এবং চাগ্নীন্ধনাদ্যনপেক্ষা ॥ ৩। ৪। ২৫ ॥*

"পুরুষার্থোঽতঃ শব্দাৎ" [বে॰ সূ॰ ৩।৪।১] ইত্যেতদ্ব্যবহিতমপি সম্ভবাৎ "অতঃ" ইতি পরামৃশ্যতে। অত এব চ বিদ্যায়াঃ পুরুষার্থহেতুত্বাদগ্নীন্ধনাদীন্যাশ্রমকর্ম্মাণি বিদ্যয়া স্বার্থসিদ্ধৌ নাপেক্ষিতব্যানীতি আদ্যস্যৈবাধিকরণস্য ফলমুপসংহরত্যধিকবিবক্ষয়া ॥ ৩। ৪। ২৫ ॥

সৌকর্য্যাচ্চেত্যুপাখ্যানেন হি বালা অপ্যবধীয়ন্তে, যথা তত্রাখ্যায়িকয়েতি ॥ ৩। ৪। ২৪ ॥

বিদ্যায়াঃ ক্রত্বর্থত্বে সতি তয়া ক্রতুপকরণায় স্বকার্য্যায় ক্রতুরপেক্ষিতঃ। তদভাবে কস্তোপকারো বিদ্যয়েতি। যদা তু পুরুষার্থা, তদা নানয়া ক্রতুরপেক্ষিতঃ স্বকার্য্যে, নিরপেক্ষায়া এব তস্যাঃ সামর্থ্যাৎ। অগ্নীন্ধনাদিনা চাশ্রমকর্ম্মাণ্যুপলক্ষ্যন্তে। যথাহুঃ—অগ্নীন্ধনাদীন্যাশ্রমকর্ম্মাণি বিদ্যয়া স্বার্থসিদ্ধৌ নাপেক্ষিতব্যানীতি। স্বার্থসিদ্ধৌ নাপেক্ষিতব্যানি, ন তু স্বসিদ্ধাবিতি। এতচ্চাধিকমুপরিষ্টাদ্বক্ষ্যতে। তদ্বিবক্ষয়া চৈতৎ। এতৎপ্রয়োজনঞ্চ পূর্ব্বতনস্যাধিকরণস্যেত্যুক্তম্ ॥ ৩। ৪। ২৫ ॥

অধিকবিবক্ষয়েতি যদুক্তং, তদধিকমাহ—

শ্রুতির সন্নিধি প্রদিষ্ট জ্ঞানের প্ররোচকতা ও বোধসৌকর্য্য অর্থ স্বীকৃত আছে। এই সকল কারণেই বলিতেছি, বেদান্তপঠিত আখ্যানশ্রুতির পারিপ্লবার্থতা নাই ॥ ৩। ৪। ২৪ ॥

কতিপয় সূত্রের পূর্ব্বে যে "পুরুষার্থোঽতঃশব্দাৎ" সূত্র আছে, এখানে সেই সূত্রের "অতঃ" শব্দ সম্ভব বলিয়া অনুসন্ধান বা আকর্ষণ করা হইয়াছে। অতঃ শব্দের অর্থ সেই হেতু। যেহেতু বিদ্যাই পুরুষার্থের (মোক্ষের) হেতু, সেই হেতু, সাধক অগ্নীন্ধনাদি অর্থাৎ গার্হস্থ্যবিহিত কর্ম্মকলাপ বিদ্যাফল-নিষ্পত্তিবিষয়ে অনপেক্ষ। আশ্রমবিহিত কর্ম্ম না করিলেও উপাসনাফল মোক্ষ লব্ধ হইতে পারে।) এ কথা পূর্ব্বে বলা হয় নাই, সুতরাং এটী অধিক কথা। এই অধিক কথাটী বলিবার জন্যই এই ২৫শ সূত্রটা বলা হইল। ইহা পূর্ব্বের সেই পুরুষার্থবিচারেরই ফল বা উপসংহার।

---

* অতএব বিদ্যায়াঃ পুরুষার্থহেতুত্বাদেব অগ্নীন্ধনাদীনামাশ্রমকর্ম্মণাং অনপেক্ষা নিমিত্ততাভাবঃ বিদ্যাফলসিদ্ধাবিতি যোজ্যম্।

যেহেতু বিদ্যাই পুরুষার্থের হেতু, সেই হেতু বিদ্যাফলে অগ্নি ও কাষ্ঠ প্রভৃতির অর্থাৎ আশ্রমকর্ম্মের (যজ্ঞাদির) নিমিত্ততা বা অপেক্ষা নাই।

সর্ব্বাপেক্ষা চ যজ্ঞাদিশ্রুতেরশ্ববৎ ॥৩।৪।২৬॥*

ইদমিদানীং চিন্ত্যতে। কিং বিদ্যায়া অত্যন্তমেবানপেক্ষাশ্রমকর্ম্মণাম্? উতাস্তি ক্বাচিদপেক্ষেতি। তত্র অত এবাগ্নীন্ধনাদীন্যাশ্রমকর্ম্মাণি বিদ্যায়াঃ স্বার্থসিদ্ধৌ নাপেক্ষ্যন্তে—ইত্যেবমত্যন্তমেবানপেক্ষায়াং প্রাপ্তায়ামিদমুচ্যতে—সর্ব্বাপেক্ষা চেতি।

অপেক্ষতে চ বিদ্যা সর্ব্বাণ্যাশ্রমকর্ম্মাণি—নাত্যন্তমনপেক্ষৈব। নন্নু বিরুদ্ধমিদং বচনম্—অপেক্ষতে চাশ্রমকর্ম্মাণি বিদ্যা, নাপে-

---

যথা স্বার্থসিদ্ধৌ নাপেক্ষ্যন্ত আশ্রমকর্ম্মাণি, এবমুৎপত্তাবপি নাপেক্ষেরন্নিতি শঙ্কা স্যাৎ। ন চ বিবিদিষন্তি যজ্ঞেনেত্যাদিবিরোধঃ। ন হ্যেষ বিধিঃ, অপি তু বর্ত্তমানাপদেশঃ। স চ স্তুত্যাপ্যুপপদ্যতে। অপি চ, চতস্রঃ প্রতিপত্তয়ো ব্রহ্মণি। প্রথমা তাবদুপনিষদ্বাক্যশ্রবণমাত্রাদ্ভবতি, যাং কিলাচক্ষতে শ্রবণম্-ইতি। দ্বিতীয়া মীমাংসাসহিতা তস্মাদেবোপনিষদ্বাক্যাৎ, যমাচক্ষতে মননম্ ইতি। তৃতীয়া চিন্তাসন্ততিময়ী, যামাচক্ষতে নিদিধ্যাসনম্ ইতি।

বিদ্যা (জ্ঞান) কি কিছুমাত্র বা কোনও অংশে আশ্রমবিহিত কর্ম্মের প্রতীক্ষা করে না? অথবা কোন কোন অংশে কর্ম্মের প্রতীক্ষা করে? এই চিন্তা (বিচার) এক্ষণে উপস্থিত হইতেছে। ২৫শ সূত্রে বলা হইয়াছে যে, বিদ্যা আশ্রমবিহিত অগ্নীন্ধনাদি (তৎসাধ্য যাগযজ্ঞাদি) কর্ম্ম প্রতীক্ষা করে না, সে স্বয়ং অর্থাৎ অন্যনিরপেক্ষ হইয়াই মোক্ষফল প্রসব করে, সুতরাং পাওয়া গেল, বুঝা গেল, বিদ্যা অল্পমাত্রও কর্ম্মের সাহায্য প্রতীক্ষা করে না। প্রসঙ্গক্রমে কর্ম্মের উক্তরূপ আত্যন্তিক অনপেক্ষা প্রাপ্ত হওয়ায় সংশোধনার্থ ২৬শ সূত্র বলা হইল।

২৬শ সূত্রে বলা হইতেছে যে, বিদ্যাফল মোক্ষ, তদ্বিষয়ে কর্ম্মের অপেক্ষা না থাকুক, বিদ্যার উৎপত্তিতে কর্ম্মের অপেক্ষা অর্থাৎ নিমিত্ততা নিশ্চয়ই আছে। বিদ্যা যে একবারেই কর্ম্মানপেক্ষ, তাহা নহে।

[নন্নু...শ্রুতেঃ] বলিতে পার যে, একবার বলিলে বিদ্যা আশ্রমকর্ম্ম প্রতীক্ষা করে না, আবার বলিতেছ, আশ্রমোক্ত সমুদায় কর্ম্ম প্রতীক্ষা করে, এ বিরুদ্ধ কথা বলিবার প্রয়োজন? ইহার প্রত্যুত্তর এই যে, উহা বিরুদ্ধ নহে, এবং বলিবার

---

* প্রকারান্তরেণাপেক্ষাস্তীত্যাহ সর্ব্বেতি। যজ্ঞাদিশ্রুতেঃ যজ্ঞেন বিবিদিষন্তীতি শ্রবণাৎ বিদ্যায়াং সর্ব্বাপেক্ষা সর্ব্বেষামাশ্রমকর্ম্মণাং নিমিত্তভাবোঽস্তীতি যোজনীয়ম্। অশ্ববদিতি দৃষ্টান্তঃ। অশ্বো যথা যোগ্যতাবশাৎ রথ এব যুজ্যতে, নতু লাঙ্গলাদ্যাকর্ষণে, তথাশ্রমকর্ম্মাণ্যপি বিদ্যাফলনিষ্পত্তয়ে নাপেক্ষ্যন্তে, কিন্তু বিদ্যোৎপত্তাবপেক্ষ্যন্তে।

প্রকারান্তরে সমুদায় আশ্রমকর্ম্মের অপেক্ষাভাব আছে, অর্থাৎ জ্ঞানফল মোক্ষে আশ্রমকর্ম্মের উপযোগ না থাকুক, জ্ঞানের উৎপত্তিতে সে সকলের উপযোগ আছে। যেমন রথবাহনাদি কার্য্যেই অশ্বের অপেক্ষা বা উপযুক্ততা, লাঙ্গলাকর্ষণাদি কার্য্যে নহে, সেইরূপ।

